মরমি গানের ধারায় হাসন রাজা ও সাবির

ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের অধীনে এম.ফিল ডিগ্রীর জন্য প্রদত্ত
অভিসন্দর্ভ

মিসেস রেজওয়ানা চৌধুরী
তত্ত্বাবধায়ক

উপস্থাপনায়
মো. এনামুল হক
গবেষক

সংগীত বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়।

Dhaka University Institutional Repository

মরমি গানের ধারায় হাসন রাজা ও সাবির

ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের অধীনে এম.ফিল ডিগ্রীর জন্য প্রদত্ত
অভিসন্দর্ভ

মো. এনামুল হক
গবেষক
রেজিস্ট্রেশন নং- ২৯
শিক্ষাবর্ষ ঃ ২০০৮-২০০৯

সংগীত বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়।

Dhaka University Institutional Repository

অঙ্গীকারনামা

আমি মো. এনামুল হক এই মর্মে অঙ্গীকার করছি যে, এম.ফিল. গবেষণার আওতায় "মরমি গানের ধারায় হাসন রাজা ও সাবির" গবেষণা অভিসন্দর্ভটি আঙ্গিক ও বিন্যাসে নতুন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের সহযোগী অধ্যাপক মিসেস রেজওয়ানা চৌধুরীর তত্ত্বধানে অত্র গবেষণা অভিসন্দর্ভটি পূর্বে কোন গ্রন্থ, পত্র-পত্রিকা কিংবা সাময়িক পত্রে প্রকাশিত হয়নি। আমি আরো অঙ্গীকার করছি যে, গবেষণাকর্মটি সম্পর্ণই আত্মবিশেষণের মধ্য দিয়ে নিজ দায়িত্বে উপস্থাপন করেছি।

মো. এনামুল হক
গবেষক
এম.ফিল. রেজিস্ট্রেশন নং- ২৯
শিক্ষাবর্ষঃ ২০০৮-২০০৯
সংগীত বিভাগ
ঢাকা বিশ্ববিধ্যালয়

Dhaka University Institutional Repository

সূচীপত্র

প্রসঙ্গ কথা I

প্রথম অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

ক. কবি পরিচিতি: হাসন রাজা ১

খ. বংশ লতিকা (হাসন রাজা) ৩

গ. মরমি সাধনার ধারা ও হাসন রাজা ৪

দ্বিতীয় পরিচ্ছেদ

ক. কবি পরিচিতি: সাবির ১৫

খ. বংশ লতিকা (সাবির আহমেদ চৌধুরী)

১. কবির পূর্বপুর"ষ থেকে কবি কাল পর্যন্ড় ১৮

২. কবি থেকে পরবর্তী পুর"ষ পর্যন্ড় ১৯

গ. চিত্রঃ কবিকুঠি ১৯

ঘ. চিত্রঃ কবির হাতের লেখা গান ২০

ঙ. কবির গানের সাধারণ পরিচিতি ২৩

চ. মরমি সাধনার ধারা ও সাবির ২৪

দ্বিতীয় অধ্যায়ঃ

প্রথম পরিচ্ছেদ

বাঙালী মানস ও মরমিবাদ ২৭

দ্বিতীয় পরিচ্ছেদ

মরমিতত্ত্ব : একটি পর্যালোচনা ৩১

তৃতীয় পরিচ্ছেদ

হাসন-সাবির: তুলনামূলক আলোচনা ৩৮

Dhaka University Institutional Repository

তৃতীয় অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

হাসন এবং সাবিরের গানের সাহিত্যমূল্য ৪২

দ্বিতীয় পরিচ্ছেদ

কবি-সাহিত্যিক গবেষকের মন্ড়ব্য ৪৫

চতুর্থ অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

হাসন রাজার গান সংগ্রহ প্রসঙ্গে ৪৮

দ্বিতীয় পরিচ্ছেদ

সংলাপঃ সাবিরের সঙ্গে সাক্ষাৎকার ৫০

পঞ্চম অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

হাসন ও সাবিরের গানের স্বরলিপি প্রসঙ্গে ৬৩

ক. হাসন রাজার গানের স্বরলিপি ৬৫

খ. সাবির আহমেদের গানের স্বরলিপি ৮৪

দ্বিতীয় পরিচ্ছেদ

বিদেশী ভাষায় অনুদিত গান

ক. হাসন রাজার ইংরেজী অনুদিত গান ৯৭

খ. সাবির আহমেদের ইংরেজী অনুদিত গান ৯৮

গ. সাবির আহমেদের হিন্দি অনুদিত গান ১০১

তৃতীয় পরিচ্ছেদ

সংগীত সংকলন

ক. হাসন রাজার মরমি গান ১০৬

খ. সাবির আহমেদ চৌধুরীর মরমি গান ১১২

চতুর্থ পরিচ্ছেদ

হাসন রাজা ও সাবিরের বিভিন্ন আলোকচিত্র

ক. হাসন রাজার বিভিন্ন আলোকচিত্র ১২০

খ. সাবির আহমেদের বিভিন্ন আলোকচিত্র ১২৫

পরিশিষ্ট

সহায়ক গ্রন্থাবলী ১৩১

Dhaka University Institutional Repository

প্রসঙ্গ কথা

পৃথিবীতে মানুষ স্রষ্টার প্রতিনিধি হিসেবে মানুষেরই কর্তব্য পৃথিবীতে মহান স্রষ্টার সকল সৃষ্টি জীবের প্রতি দায়িত্ব ও কর্তব্য পালন করা। যেখানে জীব সেখানে শিব। সৃষ্টির প্রতি ভালবাসাই শুধু একজন স্রষ্টার প্রিয়পাত্র হতে পারে। একজন মরমি সাধক শুধু স্রষ্টার সন্তুষ্টি বিধানের জন্য স্রষ্টার সকল সৃষ্টির প্রতি তার দায়িত্ব ও কর্তব্য পালন করতে আস্থাবান থাকেন। অনেক সুফী সাধক, বৈরাগী বৈষ্ণব তারা সংসারধর্ম পরিত্যাগ করে বনে জঙ্গলে স্রষ্টাকে খুঁজে বেড়ান। কিন্তু একজন মরমি সাধক মনে করেন যে, তার প্রতি পারিবারিক দায়িত্ব, প্রতিবেশীর দায়িত্ব, সমাজের দায়িত্ব, আত্মীয়স্বজনের দায়িত্ব, দেশ ও জাতির সকলের প্রতি তার সমান দায়িত্ব রয়েছে। মরমি সাধকরা ঐশী চেতনায় সমৃদ্ধ এবং উদ্বুদ্ধ। তারা ত্রিকালদর্শী অন্তর্দৃষ্টি ও দিব্য দৃষ্টি প্রাপ্ত এবং স্রষ্টার কাছে সম্পূর্ণ আত্মসমর্পিত। মরমি কবি হাসন রাজা ও সাবিরের গানে এই প্রভাব অতি সুনিপুনভাবে লক্ষ্য করা যায়। বর্তমান অভিসন্দর্ভের প্রথম অধ্যায়ে হাসন রাজা ও সাবির আহমেদের প্রাথমিক পরিচয়, দ্বিতীয় অধ্যায়ে মরমি সাধনার তত্ত্ব, তৃতীয় অধ্যায়ে কবি সাহিত্যিকদের মন্তব্য নিয়ে আলোচনা করা হয়েছে। চতুর্থ অধ্যায়ে গান সংগ্রহ ও কবি সাবিরের সাক্ষাৎকার তুলে ধরা হয়েছে। পঞ্চম অধ্যায়ে গানের স্বরলিপি, সংগীত সংকলন এবং দুই কবির বিভিন্ন আলোকচিত্র উপস্থাপন করা হয়েছে।

পরিশিষ্টে সংযুক্ত করা হয়েছে-প্রাথমিক ও দ্বৈতয়িক উৎস হিসেবে সহায়ক গ্রন্থ, পত্র-পত্রিকার নাম।

অভিসন্দর্ভটিতে বানানের ক্ষেত্রে আধুনিক রীতি অনুসরণ করা হলেও উদ্ধৃতিগুলোতে পূর্বসূরী লেখকদের নিজস্বরীতিই রাখা হয়েছে।

আমার শিক্ষাগুর ও তত্বাবধায়ক মিসেস রেজওয়ানা চৌধুরী এম.ফিল. গবেষণা কর্মের আওতায় এই অভিসন্দর্ভটি তৈরীতে আমাকে দীর্ঘদিন ধরে নিরলস শিক্ষাদান, পরামর্শ, গ্রন্থ সহযোগিতা এবং গবেষণার পদ্ধতিগত তত্ত্বধান করে আমাকে চির কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করেছেন। তাঁর অকৃত্রিম স্নেহ এবং উৎসাহ আমাকে বিষয়ের গভীরে মনোনিবেশ করতে বারবার সাহায্য করেছে। সংগীত বিভাগের প্রয়াত শিক্ষক অধ্যাপক ড. মৃদুলকান্তি চক্রবর্তীর তত্ত্বাবধানে এম.ফিল প্রথম বর্ষে ভর্তির সুবাদে তাঁর কাছে থেকে অনেক তাত্ত্বিক বিষয় গ্রহণ করার সুযোগ পেয়েছি, স্বগীয় স্যারের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এছাড়া গবেষণা কাজের জন্য সংগীত বিভাগের লাইব্রেরী. ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরী, বাংলা একাডেমীর লাইব্রেরী, বাংলাদেশ শিল্পকলা একাডেমীর লাইব্রেরী ব্যবহারের

Dhaka University Institutional Repository

অনুমতির জন্য সংশি-ষ্ট কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। গবেষণা কর্মে সার্বিকভাবে অনুপ্রেরনা দিয়েছেন আমার আব্বা-আম্মা। তাঁদের এ অবদান আমার কাছে চিরস্বরণীয় হয়ে থাকবে। অসীম কৃতজ্ঞতা জানাচ্ছি হাসন রাজা পরিষদ, সুনামগঞ্জ ও সাবির সমাজকল্যান পরিষদকে এবং আমার সহধর্মিনী শারমিন নাহার কেয়া; সংগীত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষকদের প্রতি যাঁরা আমার এ গবেষণাকর্মের যাত্রাপথটিকে সুগম করেছেন। তবে সংক্ষিপ্ত কলেবরে যাঁদের নাম জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে আমি উলে-খ করতে পারিনি সেই সব শুভাকাঙ্খীদের জানাই অশেষ ধন্যবাদ। পরিশেষে অনিচ্ছাকৃত ভুল-ত্রুটির জন্য সকলের কাছে ক্ষমা প্রার্থী।

মো. এনামুল হক
সংগীত বিভাগ, কলাভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০
১০ ফেব্রুয়ারী ২০১৪

Dhaka University Institutional Repository

প্রথম অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

ক. কবি পরিচিতিঃ হাসন রাজা

হাসন রাজা বাংলা মরমি গানের এক অমর স্রষ্টা। আবহমান বাংলা লোকসাহিত্যের কেন্দ্রিয় ধারাই হলো মরমি ধারা। চর্যাপদ থেকেই মূলত এ ধারার উদ্ভব। চর্যা-পরবর্তী বৈষ্ণব পদাবলী, শাক্ত পদাবলী এবং বাউল পদাবলী বা ভাবসঙ্গীতে এ ধারার পূর্ণবিকাশ। "বলা যায়, একদিকে সিদ্ধাদের চর্যাপদ অন্যদিকে মরমিয়া বাউল ও বৈষ্ণব সঙ্গীত- সূফীদের প্রভাবে যে বিপব সাধিত হলো তা থেকে কেউই রক্ষা পেল না। পরবর্তী অজস্র মারফতি, দেহতত্তে তারই লোকায়ত ধারা নানা তরঙ্গ ভঙ্গে প্রবাহিত। আর এই ধারাকে পরিপূর্ণ করতে যে সমস্ড় সাধক কবিরা যুগে যুগে আত্মপ্রকাশ করেছেন তাঁদের মধ্যে দেওয়ান হাসন রাজা (১২৬১-১৩২৯বঙ্গাব্দ) অন্যতম।"

(ড. মৃদুলকান্ড়ি চক্রবর্তী, *হাসন রাজা, তাঁর গানের তরী*)

তাঁর নামকরণ প্রসঙ্গে জাতীয় অধ্যাপক দেওয়ান মোঃ আজরফ লিখেছেন, "সিলেটের তৎকালীন শ্রেষ্ঠ ফার্সী ভাষাবিজ্ঞ নাজির আবদুলাহ বলে আলী রাজা সাহেবের এক বন্ধু তাঁর নামকরণ করেন হাসন রাজা। তদাবধি তিনি অহিদুর রাজা ও হাসন রাজা এই উভয় নামেই আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধব মহলে পরিচিতি ছিলেন।"

(দেওয়ান মোহাম্মদ আজরফ, *হাসন রাজা)*

কৈশোর পর্যন্ড় নানাবিধ দলিল দস্ড়াবেজে তাঁকে অহিদুর রাজা বলেই উলেখ করা হয়েছে। তবে পরিণত বয়সে তিনি হাসন রাজা নামে পরিচতি হতেই পছন্দ করতেন বলে এ নামেই তিনি সর্বসাধারণের কাছে খ্যাতি লাভ করেন। গানের ভনিতায়ও 'হাসন রাজা'র নাম ব্যবহৃত হয়েছে এবং আমরাও তাঁকে গানের রাজা- হাসন রাজা বলেই জানি। তাঁর গানে জীবন ও জগৎ সম্পর্কে বিচিত্র উপলব্ধি ও অনন্য দৃষ্টিভঙ্গি প্রতিফলিত। ১২৬১ বঙ্গাব্দের ৭ পৌষ (১৮৫৪, ২৪ জানুয়ারী) লক্ষণশ্রী গ্রামে দেওয়ান হাসন রাজা জন্মগ্রহণ করেন-হাজার লোকের মধ্যে চোখে পড়ে এমনি এক চেহারা নিয়ে। স্বভাব তাঁকে যেমন অন্ড়রের ঐশ্বর্য, তেমনি দেহের ঐশ্বর্য মুক্ত হাতে দান করেছিলেন। চার হাত উঁচু দেহ, দীর্ঘ বাহু, ধারাল নাক, তীক্ষ্ণ পিঙ্গল চোখ এবং কোঁকড়া চুল প্রাচীন আর্যদের একটি চেহারা সম্মুখে তুলে ধরত। এখানে উলেখ করা আবশ্যক, হাসন রাজার আদি পুর"ষেরা ভারতের

Dhaka University Institutional Repository

উত্তর প্রদেশের রায়বেরিলীতে বসবাস করতেন। ষোড়শ শতাব্দীর দিকে তাঁর পূর্ব পুর"ষেরা এদেশে আগমন করেন এবং বাংলাদেশের যশোর জেলার কাগদি গ্রামে প্রথমে বসতি স্থাপন করেন। কিংবদন্ড়ী আছে যে - তাঁদের পূর্বপুর"ষেরা আর্যগোষ্ঠীর ক্ষত্রিয় শাখার অন্ড়র্ভুক্ত ছিলেন। তাঁরা যুক্তপ্রদেশের অযোধ্যার অধিবাসী ও ভরদ্বাজ গোত্রীয় ছিলেন, ভাগ্যের অন্বেষণে তাঁরা ছড়িয়ে পড়েন এবং প্রথমে এলহাবাদে আসেন এবং পরে বর্ধমান জেলায় এসে বসতি স্থাপন করেন। এ বংশেরই জনৈক চরম দুঃসাহসী এবং পরম উৎসাহী যুবক যশোর জেলায় আসেন এবং হাবেলী পরগনায় একটি খন্ডরাজ্য ও কাগদি বা কাগদিগী নামক স্থানে রাজধানী স্থাপন করেন। এই যুবকের নাম হলো রাজা বিজয় সিংহদেব। কিন্তু রাজ্য প্রতিষ্ঠার পর তিনি অধিককাল রাজধানীতে থাকতে পারেননি। অল্পকাল পরে তাঁর একনিষ্ঠ ভক্ত লক্ষণতুল্য কনিষ্ঠ ভ্রাতা দুর্জয় সিংহদেব দূর্জনরূপে আত্মপ্রকাশ করেন। এর ফলে ভাতৃবিরোধ আরম্ভ হয়। রাজা বিজয় সিংহদেব যুদ্ধে পরাস্ড়হন এবং আহত বা নিহত না হলেও মর্মাহত হয়ে দেশত্যাগ করেন। পরাজিত রাজা বিজয় সিংহদেব অপরাজিত মন নিয়ে সিলেটে এসে নতুনভাবে জীবন আরম্ভ করেন। তিনি এসে সর্বপ্রথম বর্তমান বিশ্বনাথ অন্ড়র্গত কুলাউড়া নামক স্থানে আশ্রয় গ্রহণ করেন। পরবর্তীকালে তাঁর বংশধর রাজা রঞ্জিত রায় রামপাশা গ্রাম স্থাপন করে সেখানে তার দৌলতখানা স্থানান্ড়রিত করেন। ঐ বংশের দেওয়ান বাবু রায় চৌধুরী জমিদার মুসলমান ধর্মে দীক্ষিত হয়ে বাবুখাঁ নাম গ্রহণ করেন। কয়েক পুর"ষ পর ঐ বংশের দেওয়ান আলী রাজা চৌধুরী বর্তমান সুনামগঞ্জের অন্ড়র্গত সুরমা নদীর তীরে ছোট্ট একটি গ্রাম লক্ষণশ্রী'তে স্বীয় বাসস্থান প্রতিষ্ঠা করেন, আঞ্চলিক উচ্চারণে যার নাম লখনছিরি। শান্ড় ছায়ায় ঘেরা এই গ্রামে বিখ্যাত দেওয়ান বংশে হাসন রাজার জন্ম। তিনি ছিলেন দেওয়ান আলী রেজা চৌধুরীর দ্বিতীয় পুত্র। বাহ্যত সংসারী ও প্রতাপশালী জমিদার হলেও তাঁর অন্ড়রে বেজে চলেছে মরমিয়া সুর। বিষয়-সম্পত্তির ভোগবিলাসে মন ভরলো না হাসনের। তাঁর অন্ড়রাত্মা কেঁদে উঠলো, গান ধরলেন-

"মাটির পিঞ্জিরার মাঝে বন্দী হইয়ারে
কান্দে হাসন রাজার মন মনিয়ায় রে।"

হাসন রাজা ছিলেন গানের স্রষ্টা, সুরের স্রষ্টা। তাঁর চিন্ড়া-চেতনার পরিচয় রয়েছে তাঁর গানে। তাঁর গানে কাব্য সম্পদের চেয়ে নিরাভরণ হৃদয়ানুভূতির সহজ সরল প্রকাশ ঘটেছে। অধরা সেই অলখ বন্ধুর প্রেমে হাসন রাজা মজেছেন। সেই বন্ধু প্রেমে হাসন আত্মাহারা, বন্ধুদর্শন লাভে সবকিছু ত্যাগ করে বনবাস করতেও তাঁর দ্বিধা নেই। কেননা, তাঁর নয়নে প্রেমের নেশা লেগেছে-

নিশা লাগিলরে বাঁকা দুই নয়নে
হাসন রাজা পিয়ারীর প্রেমে মজিলরে ॥

Dhaka University Institutional Repository

খ. বংশ লতিকা (হাসন রাজা)

নিম্নে বিজয় সিংহ দেব থেকে হাসন রাজা পর্যন্ড় বংশ লতিকা দেওয়া হলো যা সংগৃহীত হয়েছে সুনামগঞ্জের বর্তমান বংশধরদের কাছ থেকে।

বংশ লতিকা



বংশ লতিকা দৃষ্টে অনুমিত হয় যে, বিজয় সিংহ ষোড় শতাব্দীতে কুনাউড়ায় আগমন করেন। তাঁর অধস্ড়ন পুর"ষে জন্মগ্রহণ করেন বানারসী রাম সিংহ দেব। বানারসী রামের একমাত্র পুত্র বীরেন্দ্র চন্দ্র সিংহ দেব তথা বাবু রায় চৌধুরী আরবী, ফার্সী ভাষায় সুপ"িত ছিলেন। তিনি ধর্মান্ড়রিত হয়ে 'বাবু খাঁ' নাম গ্রহণ করেন এবং কয়েক পুর"ষ পর দেওয়ান আলী রাজা চৌধুরী রামপাশা হতে সুনামগঞ্জের নিকটবর্তী লক্ষণশ্রী গ্রামে স্বীয় বাসস্থান প্রতিষ্ঠা করেন। দেওয়ান ছিল উপাধি।

গ. মরমি সাধনার ধারা ও হাসন রাজা

হাসন রাজার চিন্ড়া-চেতনার পরিচয় রয়েছে তাঁর গানে। তিনি জীবনের বিভিন্ন সময়ে গান রচনা করেছেন। মুখে মুখে গান রচনা করে যেতেন আর তাঁর কর্মচারীরা তা লিপিবদ্ধ করতেন। জনশ্রুতি আছে রাতে খাওয়া দাওয়া করে তিনি গান রচনা করতেন এবং এসব গানের সুর দিয়ে তাঁর গায়িকাদের দ্বারা গাওয়াতেন। নিজ হাতে তিনি ঢোলক বাজাতেন, ক্লান্ড় হয়ে গেলে আবিদ আলী বলে তার প্রিয় খানসামার হাতে ঢোলক তুলে দিতেন। এ ঢোলকের সঙ্গে মন্দিরা বাজাতো সোনাজান সাম্মী এক গায়িকা। তবে এদের মধ্যে তাঁর পরিচালিকা দিলারামই ছিল গানের মজলিসের পরিচালক। এ গানগুলিই পরবর্তীকালে 'হাসান-উদাস' নামে পুস্ড়কে ঠাঁই পায়। প্রেমিক সম্বন্ধে হাসন রাজার সহজ সরল উক্তি–

পীরিতের মানুষ যারা
আউলা ঝাউলা হয়রে তারা
হাসন রাজা পিরীত করিয়া
হইয়াছে বুদ্বিহারা'

যাঁর 'চাঁদ মুখ' দর্শন করলে সকল দুঃখ শোক দূর হয়-জীবন সার্থক হয় তিনি যে অধরা। সেই অধরার দেখা না পেয়ে হাসন রাজা ব্যাকুল । কিন্ড় কার সঙ্গে মিলনের তরে, দর্শন লাভের জন্য এমন আকুল প্রতীক্ষায় প্রহর গুনছেন ? মরমি কবি তাঁর গানেই এর উত্তর দিয়েছেন।

বাউলা কে বানাইলরে হাসন রাজারে
বাউলা কে বানাইলরে
বানাইল বানাইল বাউলা তার নাম হয় যে মৌলা।
দেখিয়া তার রূপের চটক
হাসন রাজা হইল আউলা ॥

Dhaka University Institutional Repository

বাউল-মরমিয়া গানে সৃষ্টিকর্তা জাতি, ধর্ম নির্বিশেষে সার্বজনীন এক 'প্রেমিক পুর"ষ' রূপে আবির্ভূত হয়েছেন । তিনিই বাউলের 'মনের মানুষ', ফকিরের 'আলেক সাঁই, রবীন্দ্রনাথের প্রাণের মানূষ' লালনের 'অচিন পাখি' হাসন রাজার 'মৌলা', খোদা' কানাই, 'হাসন জান', 'সোনাবন্ধু তিনি অধরচাঁদ'। মানব অন্ড়রে যে পরম সুন্দর অবস্থান করছেন তিনি অধরা ধরা দিয়েও ধরা দেন না । বাউল সাধকগন তাকেই খুঁজে বেড়ান নক্ষত্র খোঁচিত আকাশে , পুস্পশোভিত বাগান বনভূমিতে, আপন বাহির , মিলন-বিরহের মাঝে। মনের মাঝে মনের মানুষের অনুসন্ধান রত বাউল সাধক কবি। মনের মানুষকে পাবার অন্বেষণ রত বাউলগণ তাই কেঁদে মরে–

আমি কোথায় পাব তারে
আমার মনের মানুষ যেরে
হারায়ে সেই মানুষে তার উদ্দেশ্যে
দেশ-বিদেশে বেড়াই ঘুরে ॥

এখানে একটি বিষয় স্মরণীয় যে, বাউলদের সাধনা ও সূফীদের সাধনার মধ্যে পার্থক্য বিদ্যমান। সূফীদের সাধনা-মানুষ ও ঈশ্বরের মধ্যে প্রেমের সাধনা। প্রেমের তীব্রতায় পরমাত্মা ও জীবাত্মার এক প্রকার অভেদ জ্ঞানই তাদের সাধানার মূলভিত্তি। সূফীদের সাধনা জ্ঞানমূলক ও বিশেষভাবে অনভিূতিমূলক সাধনা। বাউলদের সাধনা নির্দিষ্ট যোগমূলক ক্রিয়া , প্রকৃত পুর"ষের মিলনের মধ্যে দিয়ে নিজের আনন্দ স্বরূপের উপলব্ধির সাধনা। হাসন রাজা এই অর্থে বাউল নন। পরস্পরগত ঐতিহ্যধারায় নেমে আসা কোনো বাউল সম্প্রদায়ের সঙ্গে কখনো যুক্ত ছিলেন না। তবে বাউলদের সর্বভেদ সমন্বয়বাদ ও মানবাতবাদের প্রভাব তার গনে পড়েছে। দেওয়ান মোহাম্মাদ আজরফ জানিয়েছেন যে, ''হাসন রাজা যৌবনেই সৈয়দ মাহমুদ আলী বলে পাঞ্জাব থেকে আগত চিশতিয়া তরিকার এক দরবেশের কছে মুরীদ হয়েছিলেন'' ক্রমবিকাশের ধারায় তিনি একজন দার্শনিকরূপে দেখা দিয়েছিলেন।''

(ড. মৃদুলকান্ড়ি চক্রবর্তী, *হাসন রাজা, তাঁর গানের তরী*)

হাসন রাজার গানে জাতি ধর্ম নির্বিশেষে প্রেমেরই জয়গান ধ্বনিত হয়েছে। তাঁর ব্যক্তি চেতনায় ব্যক্ত হয়েছে বিশ্ব প্রেমের বাণী। তিনি ছিলেন মরমি ধারার গানের রচয়িতা, যা আমরা তাঁর গানের পান্ড়ুলিপি থেকে পেয়ে থাকি। শোনা যায়, হাসন রাজার উত্তর পুর"ষের কাছে তাঁর গানের পান্ড়ুলিপি আছে। অনুমান করা চলে, তাঁর গান এখনো সিলেট-সুনামগঞ্জের লোকের মুখে মুখে আছে। হাসন রাজার কিছু হিন্দী গানেরও সন্ধান পাওয়া যায়। মূলত: মরমি গানের ছক-বাঁধা বিষয়-ধারাকে অনুসরণ করেই হাসনের গান রচিত। ঈশ্বরানুরক্তি, জগৎ-জীবনের অনিত্যতা ও প্রমোদমত্ত মানুষের

Dhaka University Institutional Repository

সাধন-ভজনে অক্ষমতার খেদোক্তিই তাঁর গানে প্রধানত প্রতিফলিত হয়েছে। প্রভাত কুমার শর্মা বলেন, তাঁহার বাড়ী দেখানো সম্পর্কে একটি সুন্দর গল্প প্রচলিত আছে। ঘটনাটি সত্য। "কয়েকজন বিদেশী ভদ্রলোক এখানে আসিয়া তাঁহার বাড়ী যান। বাড়ীর সম্মুখে গিয়া হাসন রাজা সাহেবের সঙ্গে দেখা হয়। তিনি জিজ্ঞেস করিলেন কি চান? ভদ্রলোকেরা তাঁহাকে না চিনিয়া বলিলে আমরা হাসন রাজা সাহেবের বাড়ী দেখিতে আসিয়াছি। মরমি কবি অত্যন্ড় আগ্রহের সাথে বলিলেন আসুন আসুন আমি আপনাদের তাঁহার বাড়ী দেখাইয়া দিতেছি। এই বলিয়া তাহাদের মাঠের মধ্যে দিয়া লইয়া গেলেন। সেখানে তাঁহার কবর তৈয়ার হইতেছিল। সেই চিরদিনকার বাড়ীর দিকে অঙগুলি নির্দেশ করিয়া বলিলেন ঐ দেখুন আমার বাড়ী" ।

(দেওয়ান শমসের রাজা সম্পাদিত,*হাছন রাজার তিন পুর"ষ* ভূমিকা অংশ প্রভাত কুমার শর্মা)

তিনি কোথাও নিজেকে দীন-হীন বিবেচনা করেছেন, আবার তিনি যে অদৃশ্য নিয়ন্ত্রকের হাতের সূতোঁয় বাঁধা ঘুড়ি সে কথাও ব্যক্ত হয়েছে-

গুড্ডি উড়াইল মোরে, মৌলার হাতে ডুরি
হাসন রাজারে যেমনে ফিরায় , তেমনি দিয়া ফিরি।
মৌলার হাতে আছে ডুরি আমি তাতে বান্ধা
যেমনে ফিরায়, তেমনে ফিরি, এমনি ডুরির ফান্ধা ॥

এর মধ্যে কোনো পুঁথিগত বিদ্যা নেই, কোনো কৃত্রিমতা নেই, আছে খাঁটি অনুভূতি। সহজ সরল কথার সঙ্গে আঞ্চলিক সুরের মিলনে তাঁর গানে নিজস্ব এক র"প বা Style (গায়কী) ফুটে উঠেছে । মূলতঃ তাঁর গানে কথার সঙ্গে আঞ্চলিক সুরের মিলনে যে এক বিশিষ্টতার ছাপ লক্ষ্য করা যায় যাকে সাঙ্গীতিক পরিভাষায় বলা যেতে পারে 'ঘায়কী গরানা'। হাসন রাজার গানে নিজস্ব গায়কী ঘরানার মৌলিকতার সুস্পস্ট ছাপ পড়েছে যে কারণে তাঁর রচিত গানগুলিকে "হাসন রাজার গান" বলে চিহ্নিত করাই সমীচীন। লালনের গান যেমন লালনগীতি বলে পরিচিত তেমনি হাসন রাজার রচিত গানগুলিও "হাসনগীতি" বলে অভিহিত করা যেতে পারে। তিনি কতো গান রচনা করেছিলেন তার সঠিক হিসাব মেলেনা। বলা যায় তাঁর রচিত গানের সংখ্যা প্রায় দুশো দশটির মতো। 'হাছন-উদাস' গ্রন্থে ২০৬টি গান সংকলিত হয়েছে। এর বাইরে আরো কিছু গান 'হাছন রাজার তিনপুর"ষ' এবং 'আল-ইসলাহ'- সহ বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছে। মূলত: হাসন রাজা ছিলেন মরমি কবি। বিশ্ব প্রকৃতির মর্মে যিনি প্রবিষ্ট, তিনিই মরমি। ইংরেজী Mystic শব্দের বাংলা অনুবাদ মরমি। গ্রীক ভাষায় Muien (ম্যুন) থেকে Mystic শব্দটির উৎপত্তি হয়েছে। এই Muien শব্দটির অর্থ হলো -

Dhaka University Institutional Repository

নয়ন মুদ্রিত করা, ভাব অন্ড়রের মহালক্ষ্যের দিকে ফিরিয়ে দেয়া। উপনিষদের আবৃত চক্ষুর্মৃতত্বমিচ্ছন কথারই প্রতিধ্বনি। বিশ্বের অন্ড়রের সঙ্গে মানব আত্মার অন্ড়রঙ্গ সমন্ধের নিবিড় উপলব্ধি। অর্থাৎ মরমিয়া তিনি পরমাত্মার সাথে যার ঘনিষ্ঠ আধ্যাত্মিক পরিচয় ও অভিজ্ঞতা আছে। (A mystic is best defined as one who has intimate spiritual experience of the divine being).

এমনি অভিজ্ঞতার প্রকাশ হাসন রাজার গানে লক্ষ্য করা যায়। যেমন-

"আয়নার মধ্যে যেমন মুখ দেখা যায়
সেই মতে আমার রূপে দেখা দিল আমায়।"

অন্য একটি গানে অতীন্দ্রিয়লোকের অরূপ রতনের বর্ণনা দিচ্ছেন এভাবে-

"কিবা শোভা ঝলমল করে বাঁকা তার নয়নরে
কালা না হয় ধলা না হয় নূরেরী চটক রে।"

হাসন রাজা ছিলেন স্বভাব কবি। নশ্বর জগতের ভোগ-বিলাসের উর্ধে ছিল তাঁর দৃষ্টি। বিষয়-বৈভবের মধ্যে থেকেও অনেকটা নির্লিপ্ত জীবনযাপন করে গেছেন। আলার প্রেমের বসন্ড়-হিলোলে তাঁর হৃদয়-মুকুল বিকশিত হয়েছিল। ভাবের আবেগে সহজ সরল ভাষায় রচিত তাঁর গান বাংলাদেশের পল-ীবাসীর হৃদয় আকর্ষণ করে। হাসন রাজা প্রেমের বিরহ ও মিলনের গভীর নির্জন পথ ধরে পৌঁছাতে চেয়েছেন অতীন্দ্রিয়লোকে, পরম একের সঙ্গে একাত্ম সাধনে। প্রেমই যে ঈশ্বরমুখী গন্ড়ব্যের একমাত্র পাথেয় সে কথা কবির গনে বাব বার ফুটে উঠেছে। কবি নিজেই প্রথমে চিহ্নিত করেছেন প্রেমিকরূপে-

''হাসন রাজা প্রেমের মানুষ
প্রেমের নাচন নাচন করে
বিকিয়ে হরির প্রেম বাজারে''

গান রচনার সময় হাসন রাজা দীন দুনিয়ার কথা ভুলে যেতেন। তিনি ভালো বাংলা লিখতে পারতেন না। বংশের নিয়মানুসারে শুর"তেই আরবী ভাষার চর্চা করেন এবং সেই সঙ্গে বাংলা ভাষাও পাঠ শুর" করেন। তবে বিদ্যালযের পড়াশোনায় বেশিদূর অগ্রসর হতে পারেন নি। তাই মুখে মুখে গান রচনা করতেন। তিনি গান বলে যেতেন আর তাঁর কর্মচারীরা তা লিপিবদ্ধ করতেন। তিনি ছিলেন ভাবের মানুষ। তাইতো বলছেন এভাবে–

লাগলরে পীরিতের নেশা
হাসন রাজা হইল বেদিশা।

Dhaka University Institutional Repository

ছাড়িয়া দিব লক্ষণছিরি আর রামপাশা।
ছাড়িয়া যাব আরি-পরি, আর ছাড়িব লক্ষণছিরি
বন্ধু কেবল মনে করি, জঙ্গল করব বাসা ॥

তত্ত্বসন্ধানী হাসন রাজা গানের ভিতর দিয়ে সৃষ্টিকর্তার দর্শন লাভের আকুলতা ব্যক্ত করেছেন, যার কাছ থেকে এ জীবজগতের শুর" হয়েছে এবং দীর্ঘ পথ-পরিক্রমার পর একদিন তার সাথে মিলন হবে।

"আঁখি মুজিয়া দেখ রূপরে
দিলের চোখে চাইয়া দেখ বন্ধুয়ার স্বরূপরে।"

কবি রবীন্দ্রনাথ যেমন বলেন-

"আমার নয়ন ভুলানো এলে
আমি কি হেরিলাম হৃদয় মেলে।"

সুফি-বাউল-বৈষ্ণবতত্ত্ব মরমিবাদের বিভিন্ন ধারা। যেমন- স্রষ্টা ও সৃষ্টির মধ্যে প্রেম সম্পর্ক, মনের মানুষ সন্ধান, জীবাত্মা পরমাত্মার মিলন প্রয়াস। ইসলামে নিহিত মরমিবাদ বস্তুত সুফিবাদ নামে পরিচিত। আর ইসলামী সুফিবাদই বিশ্ব-মরমিদের শ্রেষ্ঠতম বিকাশ। আমাদের দেশে এই সুফিতত্ত্বের এক ধারা বৈষ্ণব ভাববাদে। "শ্রীচৈতন্য-অদ্বৈতাচার্য-নিত্যানন্দের প্রভাবে সৃষ্টি হয় সুবিশাল বৈষ্ণব পদাবলী। মূলতঃ সুফিতত্ত্ব স্রষ্টা ও সৃষ্টির মধ্যে প্রেম-সম্পর্ক স্থাপন করেছে। বাউল-তত্ত্ব স্রষ্টাকে দেহ মধ্যে মনের মানুষরূপে অনুভব করার শিক্ষা দিয়েছে। বৈষ্ণব-তত্ত্ব রাধাকৃষ্ণের রূপকে মানবীয় প্রেমের মাধ্যমে প্রেমিক-প্রেমাস্পদকে সন্ধান করতে উদ্বুদ্ধ করেছে। বৈষ্ণব ও সুফি এই ধারার যোগ্য উত্তরাধিকারী হাসন রাজাও এই প্রেমের পথেই গান গেয়ে উঠেছেন।"

(ড. মৃদুলকান্তি চক্রবর্তী, *হাসন রাজা, তাঁর গানের তরী*)

তাঁর গানে আশিক ও মাশুক , রাধা ও কৃষ্ণ তত্ত্ব মিলে মিশে এক হয়ে গেছে। তাইতো ধর্মের সকল বিভেদ অতিক্রম করে তিনি বলেছেন-

"যে বলে খোদা দেখে না, সেতো চিরকালের কানা
র"য়ানীর সেই কানা আছে মোর জানা
আউয়ালে আখেরে আলাহ্ জাহির বাতিন
আর যত ইতি দেখ কিচ্ছুই যে না।"

মরমি সাধনার বৈশিষ্ট্যই হচ্ছে জাতধর্ম আর ভেদবুদ্ধির ঊর্ধ্বে ওঠা। সকল ধর্মের নির্যাস, সকল সম্প্রদায়ের ঐতিহ্যই অধ্যাত্ম-উপলব্ধির ভেতর দিয়ে সাধক আপন করে নেন। তাঁর অনুভবে ধর্মের এক অভিন্ন রূপ ধরা পড়ে– সম্প্রদায় ধর্মের সীমাবদ্ধতাকে অতিক্রম করে সর্বমানবিক ধর্মীয় চেতনার

এক লোকায়ত ঐক্যসূত্র রচনা করে। হাসন রাজার সঙ্গীত, সাধনা ও দর্শনে এই চেতনার প্রতিফলন আছে। হিন্দু ও মুসলিম ঐতিহ্যের যুগল-পরিচয় তাঁর গানে পাওয়া যায়। অবশ্য মনে রাখা প্রয়োজন, কয়েক পুরূষ পূর্বের হিন্দু ঐতিহ্যের ধারা হাসন রাজার মরমিলোকে সাম্প্রদায়িক বিভেদের ঠাঁই ছিল না। তাই একদিকে 'আলাজী'র ইশ্‌কে কাতর হাসন অনায়াসেই 'শ্রীহরি' বা 'কানাই'য়ের বন্দনা গাইতে পারেন। একদিকে হাসন বলেন:

আলাহ আলাহ আমি দেখি
আলাহ দেখিয়া হাসন রাজা সুখী।
আলাহ আলাহ আমি দেখি।
আচানক[১] সুন্দর আলাহ কেমনে আমি লেখি
লেখিতে না পারিয়া দিলের মাঝে রাখি ॥

আবার পাশাপাশি তাঁর কণ্ঠে ধ্বনিত হয়:

আমার হৃদয়েতে শ্রীহরি,
আমি কি তোর যমকে ভয় করি।
শত যমকে তেড়ে দিব, সহায় শিব শঙ্করী।

কেননা–

হাসন রাজার লাগিয়াছে শ্যাম পিরিতে পিরিতের টানা
বাজায় ঢোলক বাজায় তবল আর গায় গানা।"

এ চেতনায় উদ্বুদ্ধ হতে হলে চিত্তের প্রসার ঘটাতে হবে। দেশ ও জাতি ধর্মের ঊর্ধ্বে উঠে আত্মার স্বরূপ আবিষ্কার করতে হবে। চিনতে হবে নিজকে এবং মানুষকে। মানুষ ছাড়া স্রষ্টার অস্ড়িত্ব কোথায়? এখানে বলা আবশ্যক, আমি না থাকলে স্রষ্টার অস্ড়িত্ব থাকত না। শুধু তার পক্ষেই আমি সেই সত্য আমি সেই পবিত্র বলায় কোন দোষ নেই। সবার উপরে মানুষ সত্য একথা শুধু পরম ভক্তের মুখেই শোভা পায়। ভাবের রাজ্যে একমাত্র আমি'র সত্ত্বা ছাড়া সকল সত্ত্বাই নশ্বর-মানবাত্মার পরম বিকাশই পরম আত্মার চরম প্রকাশ। হাসন রাজা এই সত্ত্বাকে হৃদয়ে উপলব্ধি করতে পেরেছিলেন। তাই তিনি বলেন-

"আমিই মূল নাগর রে
আসিয়াছি খেইড় খেলিতে ভবসাগরে রে
আমি রাধা, আমি কানু, আমি শিব সংকরী
অধর চাঁদ হই আমি, আমি গৌর হরি।

১.অর্থ–অতুলনীয়, অসম্ভব।

আমি মূল,আমি কূল, আমি সর্ব ঠাঁই,

আমি বিনে এ সংসারে

অন্য কিছু নাই।"

আধ্যাত্মিক সাধনার শীর্ষে আহোরণ করা যার পক্ষে সম্ভব হয়েছে তিনিই কেবল এমন উচ্চকণ্ঠে দ্ব্যর্থহীন ভাষায় বলতে পারেন। হাসন রাজা এও জানতেন নশ্বর এ দেহে অবিনশ্বর সত্তার বসত, সৃষ্টির মূলে আমি। সক্রেটিসের ভাষায় - know thyself এবং মাওলানা রুমির ভাষায়-I gazed into my own heart, there I saw Him. He was no-where else কবি রবীন্দ্রনাথ ঠাকুর তাই বলেছেন-

আমার প্রাণের মানুষ আছে প্রাণে

তাই হেরি তায় সকলখানে

ও তোরা আয়রে ধেয়ে

দেখরে চেয়ে আমার বুকে

ওরে দেখরে আমার দু'নয়নে।"

হাসন রাজাও দেখলেন, দুই রূপ যে এক, তাই তিনি বলছেন-

"তুমি কে আর আমি কে তাই তো বুঝি নারে

এক বিনে দ্বিতীয় আমি অন্য কিছু দেখি নারে।

বুঝিয়া দেখি তুমি বই হাসন রাজা কিছু নই

হাসন রাজা যারে কই সেও দেখি তুমি নারে।"

আবার অন্য গানে বলছেন এভাবে-

"হাসন রাজায় কয়

আমি কিছু নয়রে আমি কিছু নয়,

অন্ড়রে বাহিরে দেখি কেবল দয়াময়।

তুমি আমি, আমি তুমি ছাড়িয়াছি ভয়

উন্মাদ হইয়া হাসন নাচন করয়।"

স্বামী বিবেকানন্দ বলেন-আরাধনার একমাত্র উপাদান হলো মানবদেহসদৃশ মানবাত্মা। আবার অন্যত্র তিনি বলেন জীবাত্মার মধ্যেই পরমাত্মা । এই সব বাণী যখন পাঠ করি, তখন গভীর প্রজ্ঞায় মরমি কবি হাসন রাজার পরমাত্মা সন্ধানী উন্মাদনা ব্যক্ত করতে পারি এভাবে-

"হাসন রাজা হইয়াছে বাউলা

মাবুদ আলার লাগি হাসন রাজা যে আউলা

হাসন রাজা হইয়াছে আউলা।"

"হাসন রাজা ছিলেন খাঁটি মরমি কবি। তিনি সবসময় একটা কিছু সামনে দেখতেন, যাকে ধরার জন্য ব্যকুল হয়ে পরতেন কিন্তু ধরতে পারতেন না। সেই অনুভূতির ব্যথায় তিনি অস্থির হয়ে কাঁদতেন। আবার ক্ষনিকের জন্য পেয়ে আনন্দে নাচতেন। তাঁর এই হাসিকান্নার কাহিনী নীল আকাশের মত গভীর দূর দিগন্ড়রেখার মত ঝাপসা, সন্ধ্যার অন্ধকারের মত রহস্যময়। এখানেই তাঁর কবিত্ব, ভাবুকতা, এখানেই তিনি মরমি। এক প্রকারের দিব্য মদিরমত্ততা, যার প্রভাবে পার্থিব পদার্থের তরল প্রবাহ থেকে আত্মাকে দূরে সরিয়ে রাখা যায়। এই মত্ততার মূলতত্ত্ব হলো, শাশ্বত জ্ঞানের যুক্তি নিরপেক্ষ উপলব্ধি। শাশ্বত জ্ঞানের এই যুক্তি নিরপেক্ষ অভিজ্ঞতা ও উপলব্ধির মর্মস্পর্শী আবেদন, কথা ও সুরে সহজ সরলভাবে ব্যক্ত করেছেন হাসন রাজা। সে জন্যেই তাঁকে আমরা বলি মরমি কবি।"

(আবু সাঈদ জুবেরী, *ছোটদের হাসন রাজা*)

মরমি কবি কেবলি চান মুক্তি, অকুল পাড়ির আনন্দ গান গেয়ে চলবার মতো মুক্তি। তবে মরমি কবি যে মুক্তি খুঁজেছেন এমন নয়, তাঁর চেষ্টার মূলে তাকে শ্রেষ্ট স্ড়রের জীবন গঠন ও ধর্ম সাধন। যে সাধনার মূলে রয়েছে প্রেম। হাসন রাজার গানে প্রেমের কূলপাবী বহমানতা ও শিখরস্পর্শী মহিমান্বিত রূপ লক্ষণীয়। প্রেম হলো মানুষের মনোদৈহিক এক ধরনের আবেগ-অনুভূতি, যার মূলে রয়েছে কামনাসঞ্জাত নানা ভাবলক্ষণ। অবশ্য একমাত্র দেহজ কামনা তথা নর-নারীর শরীরী আকর্ষণই প্রেমের সবটুকু নয়। প্রেম কখনো প্রিয়জনের সঙ্গে মিলনের আকাঙ্ক্ষা থেকে এসেছে কখনো তা ভগবদ্ভক্তির সমার্থক। এমনকি গোটা বিশ্বে মানবসমাজের মধ্যে যে অপ্রত্যক্ষ ঐক্য বা মিলনের সেতুবন্ধন রয়েছে তাকেও বিশ্বমানব-প্রেম বলে অভিহিত করা হয়। মরমি কবি হাসন রাজা মূলত ঐশ্বরিক প্রেমের পন্থেই তাঁর গানগুলো লিখেছেন। এখানে তাঁর সেরকম কিছু গানের উলেখ করছি–

১. "প্রেমের আগুন লাগলরে
হাসন রাজার অঙ্গে,
নিভেনা হৃদয়ের আগুন
ডুবলে সুরমা গাঙ্গে।"

২."আগুন লাগাইয়া দিল কোনে
হাসন রাজার মনে,
নিভেনা দার"ণ আগুন
জ্বলে দিল জানে।"

৩. "নিশা লাগিলরে

বাঁকা দুই নয়রে নিশা লাগিলরে।

হাসন রাজা প্যারীর প্রেমে মজিলরে।"

এই সাধক কবি দেখেছেন যে, শাশ্বত পুর"ষ তাঁরই ভিতর হতে বাহির হয়ে তাঁর নয়ন পথে আবির্ভূত হলেন। বৈদিক ঋষিরাও এমনিভাবে বলিয়াছেন যে, যে পুর"ষ তাঁর মধ্যে তিনিই আদিত্যমন্ডলে অধিষ্ঠিত । মরমি গানে ''আমি''র পরিচয় দিয়েছেন এইভাবে-আমি সুন্দর, আকাশ ও পৃথিবী সৃষ্টি হয়েছে, আমি হতে এই ত্রিজগত, আমি হতে সৃষ্টি হয়েছে ধ্বনি । আমি সুন্দর আমি ধ্বংস, আমি ভিতর ও বাহির , চিন্ড় ও বাক্য , আমি প্রকাশ ও অপ্রকাশ। আমার দৃষ্টিতে সৃষ্টি হয়েছে আকাশ ও পৃথিবী, এই দৃশ্যমান জগত । এইরূপ, আমার কর্ণ হতে সৃষ্টি হয়েছে এই শব্দ , এই ধ্বনি, আমার শরীর থেকে সৃষ্টি হয়েছে শক্ত ও নরম , ঠান্ডা ও গরম, এই স্পর্শ , আমি নাসিকা দ্বারা দৃষ্টি করেছি এই গন্ধ , আমি জিহ্বা দ্বারা করেছি এই রস মিষ্ট ও তিক্ত। আমার তো আদি অন্ড় নেই। জীবনের তো শেষ নেই, সে তা চিরকাল জীবিত । আমি আপনাকে চিনেছি , আপনাকে জেনে আমি বলছি-আপনাকে চিনলে তাকে চেনা যায়। ব্যক্তি সত্তার সগৌরব ও সমুজ্জল আত্মঘোষণা হাসন রাজার গানে যেমন প্রকাশ পেয়েছে-আমাদের লোকায়ত রচনায় সে এক বিরল দৃষ্টান্ড়। এই মানবতার সূর নিহিত রয়েছে ব্যক্তির নিজের সত্তায় আস্থা ও শ্রদ্ধা। এই ব্যক্তি সত্তায় মরমি কবির যে অকুণ্ঠ আস্থা ও শ্রদ্ধা আছে তার পরিচয় কয়েকটি গানে ফুটে উঠেছে। একটি এখানে উলেখ্য–

আমি কিছু নয় কেন করি ভয়

কিছুই না হয় সদায় নাহি ভয়

যে দিকে ফিরিয়া কেবল দয়াময়

সকলই তুমি তুমি

মিছে বলি আমি আমি ॥

গানের প্রথম চরণেই ব্যক্তি সত্তার স্পর্ধিত আত্মগৌরবের অকুণ্ঠ প্রকাশ লক্ষ করা যায়। হাসন রাজার বিষয়-সম্পত্তি ও সঙ্গতির তুলনায় তাঁর ঘর-বাড়ী তেমন আকর্ষণীয় বা বিলাস-বহুল ছিল না। নিজে অতি সাধারনভাবে দিন যাপন করতেন। এই নিয়ে আত্মীয়-পরিজন অনুযোগ করলে কবি তাঁর স্বভাব-সুলভ ভাষায় বলতেন–

আগে যদি জানত হাসন বাঁচব কতদিন-

বানাইত দালান কোঠা করিয়া রঙ্গিন ॥

এই ক্ষণস্থায়ী পৃথিবীর অনিত্যতা সম্বন্ধে কবি সচেতন ছিলেন। কয়েকটি গানে তার পরিচয়ও পাওয়া যায়। হাসন রাজা জীবিত কালেই সাধের (প্রিয়) লক্ষশ্রীতে নিজের কবর তৈরি করে রেখেছিলেন । এই অনিত্য সংসার থেকে চলে যাওয়ার ইঙ্গিত হাসন রাজার গানে ধ্বনিত হয়েছে এইভাবে-

ও মন যাইবার রে ছাড়িয়া
কেহ নাহি পাইবে তোমায় সংসার ঢুঁকিয়া
কিসের আশা, কিসের বাস, কিসের সংসার
মইলে পরে ভাবিয়া দেখো কিছু নয় তোমার ॥

আসলে মানুষতো এই পৃথিবীতে চিরকাল থাকবে না। হাসন রাজার মনে এই ভাব অতি গভীরভাবে প্রোথিত হয়েছিল, যার ফলে তিনি প্রতাপশালী জমিদার হলেও একসময় ভাবাবেগে আপুত হয়ে বাস্ড় ব জীবনের সবকিছুকে তুচ্ছ মনে করেছেন। যার প্রভাব আমরা বৈরাগ্য বিষয়ক গানগুলিতে পেয়ে থাকি। তিনি বলছেন–

১. মরণ কথা স্বরণ হইল নারে
হাসন রাজা তোর।
কান্দিয়া হাসন রাজায় বলে, আলা কর সার।
কি ভাবিয়া নাচ হাসন, শূন্যের মাঝার।"

২. "কিসের বাড়ী কিসের ঘররে কিসের জমিদারী
সঙ্গের সঙ্গীরা কেউ নাই তোর কেবল একেশ্বরী
ঐ যে তোমার ধন জন সুন্দর সুন্দর স্ড়ির
কেহ নি যাইবে সঙ্গে যমে নিতে ধরি।
কিসের আশা, কিসের বাসা, কিসের লক্ষণছিরি
(আরে) কিছুই কিছুই নয়রে, সকলি গৌরহরি।"

এছাড়াও কবি বলেছেন, এখানে ঘরবাড়ী তৈরী করেতো কোনো লাভ নেই। কারন এই ঘরতো আসল ঘর না, চিরদিনের আমার যে বাড়ী, আমাকে সে বাড়ীতে নিয়ে চল। সেজন্য তাঁর ঘরবাড়ী ভাল ছিল না। আর লোকে তা নিয়ে বলাবলি করত। যা আমরা তাঁর একটি বহুল প্রচলিত গানে পাই-

"লোকে বলে বলেরে, ঘরবাড়ী ভালা না আমার
কি ঘর বানাইমু আমি শূন্যের মাঝার।
ভালা কইরা ঘর বানাইয়া কয়দিন থাকমু আর
আয়না দিয়া চাইয়া দেখি পাকনা চুল আমার"

মূলতঃ হাসন রাজা প্রেমের মিলন ও বৈরাগ্যের পথ ধরেই অতীন্দ্রিয়লোকের সন্ধান লাভ করেছেন। এ পথেই তিনি তাঁর জীবনের গূঢ় তত্ত্ব আবিষ্কারের চেষ্টা করেছেন। তিনি বিশ্বাস করেছেন এ পথই পরম প্রেমাস্পদের মিলিত হবার পথ। তাই তিনি গেয়ে উঠেছেন–

"বন্ধু তোর লাগিয়ারে,
ও বন্ধু তোর লাগিয়ারে মোর মন পাগলরে
ভাবতে ভাবতে হাসন জানের প্রাণ গেলরে।"

অন্য আরেকটি গানে তিনি বলেছেন–

"প্রাণে যদি মার মোরে, ছাড়বো না তোরে
হাসন রাজা যদি মরে তোমায় ছাড়া রইবো না।"

একদিন ডাক আসল, কানাই'র দয়া হল, তাই একদিন ডাক পড়ল, মরমি কবি সে ডাক শুনলেন, সাড়া দিলেন, চিরদিনের যে বাড়ি, অনন্ড় মিলনের সঙ্গীতে যা মুখরিত, সেখানে তাঁর স্থান হল-দেহে দেহে, প্রাণে প্রাণে, মনে মনে, আত্মায় আত্মায় চির প্রেমাস্পদের সঙ্গে মিশে গেলেন।

"আইস হাসন রাজা এই তোর ঘর বাড়িরে
হাসন জানে বলে দেখি রূপের ছটক
চিরকালের জন্য মন মোর হইল আটক।"

"হাসন রাজা পৃথিবীর অনিত্যতা সম্পর্কে ছিলেন সর্বদা সচেতন। সংগীতের সাথে ছিল তাঁর আত্মিক সম্পর্ক। বিত্ত তাঁকে শান্ড়ি দিলেও প্রশান্ড়ি দিতে পারেনি। সে জন্যে একাগ্র মনে নীরবে নিভৃতে তিনি সাধনা করেছেন মহান স্রষ্টার সান্নিধ্য পাওয়ার। তিনি জানতেন একদিন তাঁর এ জীবনের অবসান ঘটবে। তাই আপন মনে গেয়েছেন–

একদিন তোর হইবেরে মরণ হাসন রাজা,
হাসন জানে ডাকতে আছে, তাড়াতাড়ি রে।
মায়াজালে বেরিয়ে মরণ হইলনারে স্মরণ।"

(ড. সুনীতি কুমার চট্টোপাধ্যায়, *জার্নাল অব এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল*, ভলুম-১৪)

দ্বিতীয় পরিচ্ছেদ

ক. কবি পরিচিতিঃ সাবির

বিশ্ব সাহিত্য পরিমন্ডলে মানবতা, ভ্রাতৃত্ব ও মৈত্রীর মহান বাণী যিনি উচ্চারণ করেছেন তিনি সাবির আহমেদ চৌধুরী (জ.১৯২৪)। অনেক সাহিত্যসেবী পরলোকগমনের পর স্বীকৃতি পান। কেউ কেউ জীবদ্দশায় স্বনামধন্য হয়ে ওঠেন। কবি সাবির আহমেদ চৌধুরী শেষোক্ত পর্যায়ের ব্যক্তিত্ব। ইহলোকে থেকেই তিনি তাঁর সাধনার ফল লাভ করেছেন। সুধীজনের দৃষ্টি নিপতিত হয়েছে তাঁর উপর। কবি, গীতিকার ও সমাজসেবী হিসেবে তাঁর খ্যাতি দেশ-বিদেশে ছড়িয়ে পড়েছে। কবি-রচিত সঙ্গীত শ্রবণ করে, কবির সমাজসেবামূলক কাজের ফল লাভ করে কৃতার্থ হয়েছি, এর ফলে কবিকে জানার আকাঙ্খা প্রবল হয়েছে। সে আকাঙ্খাই নিয়ে যায় কবির কবি জীবন থেকে ব্যক্তি জীবনে। একজন নিভৃতচারি কবি সাবির মরমি রসধারায় আপুত করে চলেছেন এবং এখনও গীত রচনায় নিমগ্ন রয়েছেন। বহু দৃষ্টিভঙ্গী সম্পন্ন, বহুধা বিভক্ত, মানবিক প্রেমে পরিপূর্ণ, ঐশী চেতনা সমৃদ্ধ এবং প্রকৃতির সাথে মানুষের জীবন প্রবাহের যে সম্পৃক্ততা এবং তার জীবন্ড় প্রবাহ সৃষ্টি করার ক্ষেত্রে যে সমস্ড় সাধক কবিরা যুগে যুগে আত্মপ্রকাশ করেছেন তাদের মধ্যে সাবির উলেখযোগ্য। ১৯২৪ সালের ১৫ জুলাই নরসিংদী জেলার বেলাবো থানার হাঁড়িসাঙ্গান গ্রামে তিনি জন্মগ্রহণ করেন। কবির মাতৃভূমি হাঁড়িসাঙ্গান অতি মনোহর প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর। এ গ্রামের পশ্চিম পাশ দিয়ে ‘গঙ্গজলী’ নদী প্রবাহিত। দক্ষিণে রয়েছে ‘কয়রা’ নদী। আশেপাশে অনেক গ্রাম। এগুলোর মধ্যে ওয়ারী-বটেশ্বর, কামবারো, আকানগর, চন্দনপুর, গোতাশিয়া ও ভাবলা ইত্যাদি বিশেষভাবে উলে-খযোগ্য। পূর্বে এ সব গ্রামের অধিকাংশ অধিবাসী ছিল হিন্দু। গীতবাদ্য, পূজা-অর্চনা আর নানারকম খেলাধুলা নিয়ে তাদের সময় কাটতো। এরফলে কবির বাল্যকাল আনন্দঘন পরিবেশে অতিবাহিত হতো। পিতা হানিফ মোহাম্মদ কবির এবং মাতা আছিয়া খাতুন। কবি-পিতা অসাধারণ সৎ প্রকৃতির মানুষ ছিলেন। পরোপকার, জনসেবা এবং মানবপ্রেম ছিল তাঁর প্রধান গুন। যার প্রভাব কবির মধ্যে প্রতিফলিত হয়েছে। তাঁর মাতাও ছিলেন একজন মহীয়সী মহিলা। হানিফ মোহাম্মদ ছিলেন পাঁচ সন্ড় ানের জনক। তাঁদের নাম যথাক্রমে মফিজউদ্দিন আহমেদ, ফুলজান বেগম, রমিজউদ্দিন আহমেদ, মোমিনা বেগম ও সাবির আহমেদ। স্বরনীয় যে, হানিফ মোহাম্মদ গ্রাম্য কুচক্রীর ষড়যন্ত্রে নিহত হন। তখনো সাবিরের ধরাধামে আবির্ভাব ঘটে নি। তিনি তখন মাতৃগর্ভে। পিতার মৃত্যুর চার মাস পর তিনি ভূমিষ্ট হন। তাঁর লালন পালনের ভার পরে তাঁর মায়ের উপর। শিশু সাবির ধীরে ধীরে বড় হতে

থাকেন। মা আদর করে তাঁকে 'সাঈদ' নামে ডাকেন। সেদিনের ছোট্ট 'সাঈদ' বেশ একটু চঞ্চল ছিলেন। গঙ্গাজলী নদীর প্রবল স্রোতে তিনি ভেসে চলতেন, কখনো বা স্রোতের প্রতিকূলে সাঁতার কাটতেন, কোনো কোনো সময় ডুব দিয়ে হারিয়ে যেতেন গভীর পানিতে। মাঝে মাঝে শিশু সাবির আবার অত্যন্ড় গুর"গম্ভীর হয়ে যেতেন। নদীর ধারে দন্ডায়মান গাবগাছের তলে ধ্যানমগ্ন সাধকের মতো বসে কি যেনো ভাবতেন। এছাড়াও খেয়ালি শিশু-কবি কখনো কখনো মাছ ধরায়, কখনো বা পাখি শিকারে মেতে উঠতেন। শৈশব থেকে বাল্যে পদার্পন করে কবি গ্রাম্য খেলাধুলায় আনন্দ পেতেন। তবে খেলাধুলায় মত্ত হয়েও লেখাপড়ায় তাঁর আলস্য ছিল এমন নয়। বালক সাবির এ সময় বিদ্যালয়ে গমন করেন। মূলতঃ সাবিরের বাল্যশিক্ষা শুর" হয় তাঁদের পারিবারিক মক্তবে। ঐ মক্তবের প্রধান শিক্ষক ছিলেন কবির চাচা তাজ মুহম্মদ। তাঁর যত্নে করির প্রাথমিক শিক্ষার ভিত্তি সুদৃঢ় হয়। কবির জ্যেষ্ঠ ভ্রাতা মফিজউদ্দিন আহমেদও ঐ মক্তবের শিক্ষক ছিলেন। তাজ মুহম্মদ এবং মফিজউদ্দিন আহমেদের যৌথ সহায়তায় সাবিরের শিক্ষা প্রসার লাভ করে। মক্তবের শিক্ষা শেষ করে সাবির আহমেদ দক্ষিণদুরো জুনিয়র মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হন। কবির গ্রাম থেকে এ বিদ্যালয়ের দুরত্ব দু'মাইল। কবি হেঁটে হেঁটে বিদ্যালয়ে যেতেন। প্রখ্যাত ফোকলোর গবেষক মোহাম্মদ হানিফ পাঠান ছিলেন এ বিদ্যালয়ের অন্যতম শিক্ষক। বালক সাবির এ আদর্শ শিক্ষকের দৃষ্টি আকর্ষণে সমর্থ হন। বছরের পর বছর সাবির যে কতিত্বেও সাথে উচ্চ শ্রেণীতে উঠে যেতে থাকেন। ১৯৪৫ সালে সাবির আহমেদ এ বিদ্যালয়ের ছাত্র হিসেবে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সঙ্গে প্রবেশিকা পরীক্ষায় পাশ করেন। ঐ বছরই ঢাকায় তিনি আহসানউলাহ ইঞ্জিনিয়ারিং স্কুলে ওভারশেয়ার কোর্সে ভর্তি হন। ১৯৪৬ সালের শেষভাগে তিনি সাব-ওভারশেয়ার পাশের সনদপত্র পান। তবে, যখন ঐ প্রতিষ্ঠানটি ইঞ্জিনিয়ারিং কলেজে পরিণত হয়, তখন তিনি সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপোমা কোর্স অধ্যয়ন করতে আরম্ভ করেন। যথাসময়ে সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপোমা কোর্স সমাপ্ত করে তিনি সনদপ্রাপ্ত প্রকৌশলী হিসেবে স্বীকৃতি পান। প্রাতিষ্ঠানিক শিক্ষা-জীবন তাঁর এখানেই শেষ হয়ে যায়। এরপর সাবির আহমেদ চৌধুরী সি. এন্ড বি. বিভাগে উপ-সহকারী প্রকৌশলী পদে চাকুরী গ্রহণ করেন। কিছুদিন চাকুরী করার পর তিনি চাকুরী ছেড়ে দেন। এ সময় শুর" হয় তাঁর ভবঘুরে জীবন। কোথায় কখন কিভাবে তাঁর সময় কাটতো এদিকে খেয়াল নেই। পীর ফকিরের মাজারে, সাধু-দরবেশের আস্ড়নায়, মসজিদ-মন্দিরে এবং কখনো কখনো গুণী ব্যক্তির দরবারে থাকতেন তিনি। শোনা যায়, ঢাকার বড়কাটরা মসজিদের মোয়াজ্জিনের কাছেও তিনি কিছুদিন ছিলেন। উলেখ্য, ঢাকার বাবু বাজারে হযরত বাহার শাহের আস্ড়নায় থাকাকালে একটি ঐশী-ভাবনা জেগে ওঠে তাঁর অন্ড়রে।

জীবন ও জগত সম্পর্কে তাঁর মনে আসে গভীর চিন্ড়া। স্রষ্টার প্রতি গভীর বিশ্বাসে তাঁর প্রাণ ভরে ওঠে। তাইতো তিনি বলছেন এভাবে-

আমায় নিয়ে আমার আমি
খেলছে সর্বদাই
আজব তাঁর এ খেলার রীতি
একটু বিরাম নাই ॥

এ জীবন সত্যিই প্রহসন বৈকি! ঘর-সংসার, প্রেম-বিবাহ, মিলন-বিচ্ছেদ ইত্যাদি কত মায়ার খেলা চলছে জীবনে। নশ্বর এ জীবন চিরদিনের নয়। জগৎ সরাইখানা মাত্র। দু'দিনের এ বিচরণক্ষেত্র ছেড়ে যেতেই হবে। কেউ তা রোধ করতে পারবে না। পার্থিব কর্মকাে লিপ্ত থেকে পরপারের পাথেয় সঞ্চয় থেকে বঞ্চিত হলে, তার আর কোনো উপায় নেই। সেই রাজাধিকাজ যেদিন তলব দিবে, সেদিন নিকাশ দিতে তাঁর সমীপে উপস্থিত হতেই হবে। এর অন্যথা হবে না, এর ব্যতিক্রম ঘটবে না। যেদিন আসবে শমন বাঁধবে কষে, সেদিন কেউ হবে না সঙ্গের সাথী। বিশ্ব থেকে চিরবিদায় এটি চিরসত্য, এই যাত্রা অজানা দেশের উদ্দেশ্যে যাত্রা অনন্ড় কালের যাত্রা। তবে এ যাত্রা যেন শূন্য হাতে যাত্রা না হয়, সে দিকে লক্ষ্য রাখা আবশ্যক। সে জন্যে কর্ম প্রয়োজন। কিন্তু কর্ম সম্পাদন আর হয় কই? কবি দুঃখ করে গেয়েছেন-

তবু যে হায় আমরা মানুষ,
রঙ তামাশায় রই যে, বেহুশ,
ভাবি নাই যে কে আমাদের
মহাপারের যে কান্ডারী ॥

একবার অবশ্য ভাবা দরকার যে, যতোই মহাসুখে মগ্ন হই না কেনো, যতোই সে মাহপ্রভুকে বিস্মৃত হয়ে যাই না কেনো, এ জীবন, এ জগৎ মিথ্যা-

মানব জীবন এই
এই আছে, এই নেই,
সিন্ধু-সাগরে এক
বিন্দু সমতুল।

তবে তাঁর মনে এ চিন্ড়াও প্রবল হয় যে, "জাগতিক চিন্ড়াকে বাদ দিয়ে অধ্যাত্ন-চিন্ড়া দাঁড়াতে পারে না। জীবনে রয়েছে অনেক কর্তব্য, অনেক দায়িত্ব।"

(মযহারুল ইসলাম, কবি পাগলা কানাই)

সংসার, সমাজ, সংসারের মানুষ- এ সবও উপেক্ষার বিষয় নয়। এ রকম চিন্ড়া করে কবি আবার ফিরে আসেন কর্মজীবনে। ১৯৪৮ সালে সাবির আহমেদ পুনরায় চাকুরী গ্রহণ করেন এবং তদানীন্ড়ন সিলেট জেলার সুনামগঞ্জ মহকুমার উপ-সহকারী প্রকৌশলী পদে নিযুক্ত হন। অবিলম্বে তিনি কর্মস্থলে যোগ দেন। সুনামগঞ্জে চাকুরী জীবনে সাবির আহমেদ লাভ করেন অনেক অভিজ্ঞতা। সাপ্তাহিক সাদেক পত্রিকার সম্পাদক কবি প্রজেশ কুমার রায়, দৈনিক সোলতান পত্রিকার সম্পাদক মকবুল হোসেন চৌধুরী, সুনামগঞ্জ কলেজের উপাধ্যক্ষ দেওয়ান মোহাম্মদ আজরফ, মরমি কবি হাসন রাজর পুত্র একলিমুর রাজা, তৎকালীন মন্ত্রী অক্ষয়কুমার দাশ প্রমুখ গুণী-জ্ঞানী ব্যক্তির সাথে এসময় তাঁর সহৃদয় সম্পর্ক গড়ে ওঠে। সুনামগঞ্জের মহকুমা প্রশাসক কাজী মকিমউদ্দীন, মুনসেফ আমীর আলী জোয়ার্দার প্রমুখ তাঁর বন্ধু বলে গণ্য হন। এখানে থাকাকালে প্রখ্যাত মরমি সঙ্গীত শিল্পী নিমলেন্দু চৌধুরীর সাথেও তাঁর পরিচয় ঘটে। নির্মলেন্দুর সুমধুর গান তাঁকে মুগ্ধ করে। "সাবির আহমেদের জীবনে এ সময়ের সবচেয়ে বড় প্রাপ্তি মরমি কবি হাসন রাজার সঙ্গীত ও দর্শনের প্রভাব। সুনামগঞ্জের আকাশ-বাতাস তখন মুখরিত হাসন রাজার গানের উদাসী সুরে তন্ময় হতেন। মুগ্ধ মনে গানের মমার্থ উপলব্ধি করার চেষ্টা করতেন।"

(ড. মৃদুলকান্ড়ি চক্রবর্তী, কবি সাবির ও তাঁর গান)

খ. বংশ লতিকা (সাবির আহমেদ চৌধুরী)

১. কবির পূর্বপুর"ষ থেকে কবি কাল পর্যন্ড়



২. কবি থেকে পরবর্তী পুরুষ পর্যন্ত



কবির পুর্ব-পুরুষের বংশলতিকা অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য।

গ. কবিকুঠি



ঘ. কবির হাতের লেখা গান

১.



২.

তুমিই বলো কাঁদন কেন

তুমিই বলো কাঁদন কেন
কেন হলো এই [illegible] মানা
চাঁদ মিলালো [illegible] আশায়
[illegible] তোমার আমার ভাষা ।।

উড়ে মানুষ নাটাই হাতে
অনন্তের দিগন্ত বিহারী
বিস্তৃত [illegible] যেন
মানবের [illegible] পথচারী
অপার [illegible] ভুলে কাঁদে
সাজাই তোমায় আপন মনে
চলার পথে মুক্ত আকাশ
[illegible]
অপার সিন্ধু বিন্দু কণা
[illegible]
[illegible]
[illegible]
আমার [illegible] সেথায়
[illegible]
[illegible]
[illegible] ।।

[illegible]
২৩/২/২০০৫

৩.

যেদিন আমি আকাশবাণী

যেদিন আমি আকাশবাণীর
পরিবারের মেলাঘরে
ভাবনার কথা ভেবে মনে
কতো নামে অশ্রু ঝরে ॥
সকলের মুখে শান্তি কামনা
সেইতো ছিলো সুষ্ঠু আচার
চিরস্মৃতির মুগ্ধ অন্তরে
তোমরা সবাই সেই কর্মধার
বিরহের এক চিন্তু ভরা
[illegible] ॥
[illegible]
উপলব্ধি নিষ্ঠা কাজেতে
সুস্থ সাহসী তোমার দিতে
রইলো আমার দিবস রাত ।
স্মৃতি যেন [illegible]
শেষ ইচ্ছা আমার
এই অনুভবে আমাদের
মিলে তোমার কাব্যকথা
বাঁধার আশায় মুক্ত হয়ে
কাটাবে মোদের দিনগুলি ভরে ॥

[illegible]
৩১/১২/২০০৫ ইং

ঙ. গানের সাধারণ পরিচিতি

সাবির একজন ভাববাদী সাধক। ১৯৩৬ সালে ষষ্ঠ শ্রেণীর ছাত্র থাকা অবস্থায় লিখিত তাঁর প্রথম কবিতা চিরন্ড়ন ছাপা হয়েছিল দৈনিক আজাদ পত্রিকার মুকুলের-মহফিলের পাতায় ১৯৪৬ সালে। বাল্যকাল থেকে অদ্যাবধি সাবির কবিতা রচনা করেছেন, মূলতঃ তিনি একজন মরমি কবি। দক্ষিণধুরো জুনিয়র বিদ্যালয়ে অধ্যয়নের সময় প্রখ্যাত ফোকলোর গবেষক পন্ডিত মোহাম্মদ হানিফ পাঠানের কাছ থেকে প্রথমে সাহিত্যের প্রতি তাঁর আগ্রহ সৃষ্টি হয়, যা তাঁর জীবনের গতিকে একটি আলোকিত দিকে ফিরিয়ে দেয়। কাব্যরস আর গীতিমাধুর্যের সম্মিলন ঘটেছে তাঁর রচিত গানে। শুর“তেই যে কবি লেখেন 'চিরন্ড়ন' কবিতা, তাঁর কবিকর্ম চিরন্ড়ন ব্যপ্তি নিয়ে, অনির্বাণ দীপ্তি নিয়ে, অমর জীবন নিয়ে সাহিত্য ভূবনে অক্ষয় অবদান রূপে প্রতিভাত হবে এই তো স্বাভাবিক। দুই সহস্রাধিক গান উপহার দিয়ে সাবির আজ বিরল কবি প্রতিভা হতে চলেছেন । তিনি এখনও সতেজ-সজীব এবং আন্ড়রিক আশা আরও গীত রচনা করে আমাদের অনুপ্রাণিত ও আপুত করবেন গীত সুধারসে। কবি রচিত মোট কাব্যগীতির সংখ্যা হলো সাতটি। এগুলি হলো- আমার মনের ফুলদানীতে, এই কথা সেই সুর, ইসলামী উপলক্ষের গান, শত হামদ্ শত নাদ, ঐশী জ্যোতি, পৃথিবী আমার ঘর, এই দেশ এই মাটি। এছাড়া আমার মা নামে একটি গ্রন্থ তিনি সম্পাদনা করেছেন। গানগুলিতে কবির গভীর অনুরাগ-অনুভূতি প্রকাশ পেয়েছে মানবতাবাদ থেকে বিশ্বজয়গানে। মানুষের প্রতি সুগভীর আস্থা, মানুষের ভেদাভেদ অতিক্রম করে, ধর্মের সকল বিভেদ পার হয়ে বিশ্বমানবতার মহান মন্ত্রে উজ্জীবিত করে তুলতে চান এই বিশ্বকে। কবি বলেন-

"সকল দেশের সকল মানুষ
কেউ নয় কারো পর
সারা দুনিয়ায় যার যেথায় খুশি
যেখানে বেঁধেছে ঘর
এসো গড়ে তুলি সাম্যপ্রীতির
এ বিশ্বসংসার ॥"

(সাবির আহমেদ চৌধুরী , পৃথিবী আমার ঘর)

কবি দেশ-মাটি-মানুষকে ভালোবাসেন। দেশটাতো কেবল মৃন্ময় নয়, চিন্ময়। তাঁর রচনায় যে অধ্যাত্মভাব, বিশ্ব-মানবিকতা ফুটে উঠেছে তা বাংলা সংগীতের এক ঐশ্বর্যময় সংযোজন বলতে হবে। আমি সত্তায় আস্থাবান কবি সাবির মিলিত হতে চান পরম সত্তার সঙ্গে। "এটিই মূলত: মরমি চেতনা

এবং এরই প্রবল প্রকাশ সাবিরের গানে লক্ষ্য করা যায়, সে জন্যই তিনি মরমি কবি। যেমন করে আশেক মিশতে চায় মাশুকের সঙ্গে প্রেমের বাহুডোরে।"

(মযহারুল ইসলাম, কবি পাগলা কানাই)

সর্বোপরি তাঁর সমর্পণ সেই পরম স্রষ্টার কাছে। তাইতো তিনি বলছেন এভাবে–

চাইনা আমি কিছু নিজের লাগি
তোমার কাছে পাগল
পূণ্য যদি করেই থাকি
পরকে দিয়ো সকল ॥

চ. মরমি সাধনার ধারা ও সাবির

সাবির মানবতাবাদী বিশ্বমানব-প্রেমিক ব্যক্তিত্ব , বিশ্বমানবিক চেতনায় উদ্বুদ্ধ এই কবি তাঁর বহুমাত্রিক জীবনবাদ ও আধ্যাত্মিক অনুভব দিয়ে অসংখ্য মরমি গান রচনা করেছেন। "একজন আধুনিক মনস্ক কবি একবিংশ শতকের দ্বারপ্রান্তে এসেও আবহমান বাংলার ঐতিহ্যকে ধারণ করে যুগোপযোগী চিন্তা-চেতনায় সত্য, শুভ-সুন্দরকে খুঁজে ফিরছেন বৈচিত্র্যময় গানের ডালি সাজিয়ে। পেশায় একজন স্বার্থক প্রকৌশলী আর নেশায় আজীবন গীতি কবিতায় নিমগ্ন।"

(ড. মৃদুলকান্তি চক্রবর্তী, কবি সাবির ও তাঁর গান)

তাঁর উদাস হৃদয়ের মাঝখানে সবসময় বেজে উঠেছে পরম সত্তার মধুর সংগীত। কবি সর্বক্ষণই অনুভব করেন সেই শক্তিমানের লীলাখেলা। প্রাত্যহিক জীবনের সমস্ত কর্মকান্ড তাঁরই ইশারায় পরিচালিত হয়। পরম শক্তিমানের সাথে কবির নিবিড় যোগসুত্র রয়েছে। কবির সংগীতে সে কথাই পাই–

অন্তর দিয়ে অন্তর দেশ
খুঁজে দেখ মনা ভাই
মনের ঘরে করেন বিরাজ
মহান মালিক সাঁই ॥

মরমি চিন্তাধারায় সাবির নতুন দৃষ্টিভঙ্গির পরিচয় দিয়েছেন। তাঁর গানে বৌদ্ধ দর্শনের মূল সুর চর্যাপদ থেকে শুরু করে বৈষ্ণব পদাবলী, বাউল গান, মুর্শিদী, মারফতি, ইসলামী তথা সুফি ভাবধারার মধ্যে প্রায় সর্বত্রই একটা মানবতাবাদী দর্শনের সাযুজ্য বিদ্যমান। এজন্য তাঁর গান বাংলাদেশ, ভারত সহ বিশ্বের অনেক দেশের আকাশ জলমাটি স্পর্শ করে সুধীজনের কাছে পৌঁছেছে

। "গানের ভাষা যেমন সহজ ও সরল, ভাবের দিক থেকে তেমনি গভীর যা হৃদয় স্পর্শ করে। তথ্যপ্রবাহের অবাধ যুগে আর প্রযুক্তির কল্যাণে সাবির রচিত গান অডিও, সিডি, ভিসিডিতে দেশ-বিদেশের স্বনামধন্য শিল্পীরা গেয়েছেন এবং ধারণ করেছেন।"

(সুধীন দাশ, সাবির সংগীত স্বরলিপি)

মানব মনের চিরন্তন জিজ্ঞাসা আমি কোথায় ছিলাম, কোথায় যাবো, কি তার শেষ পরিণতি, ইহকাল ও পরকাল, স্বর্গ, নরক এসব হাজারও প্রশ্নের উত্তর খুঁজতে চেষ্টা করেছি আমার সকল গানের মাধ্যমে। "মরমিবাদ, ইসলামীবাদ, সুফীবাদ, অধ্যাত্ব ভাবদর্শন, মানবতা বিবর্জিত নয়।"

(জাহান-আরা বেগম, বাংলাদেশের মরমি সাহিত্য)

যে যার মতো ধর্মীয় অনুশীলন করেও স্রষ্টার প্রিয়পাত্র হওয়া সম্ভব নয় যদি না ভক্তমনে মানবতাবোধ থাকে। আমি স্রষ্টার কাছে মানুষের মুক্তি চেয়েছি। আমার সকল গানের মাধ্যমেই মানবতার কথা বলেছি। আমার মনে বারে বারে প্রশ্ন উঠছে আমি কে? স্রষ্টা ও তার সৃষ্টির রহস্য কি? আমার তুমির হিসাব মিলাতে বারে বারে হিসাব ভুল করেছি। এক প্রশ্নের উত্তর খুঁজতে হাজার প্রশ্নের জটিলতার আবর্তে জড়িয়ে পড়েছি। হারায়ে গেছি ভাবের দেশে। বেদ, বাইবেল, পবিত্র কোরআন, গীতাসহ বিভিন্ন ধর্মগ্রন্থ থেকে সত্য সুন্দরকে আহরণের চেষ্টা করেছি। বিভিন্ন ধর্ম প্রচারকদের জীবন দর্শন থেকে মূল্যবান তথ্য আহরণে উদ্বুদ্ধ হয়েছি। বিশ্ববিখ্যাত দার্শনিকদের জীবন দর্শন থেকে সঠিক তথ্য সংগ্রহের চেষ্টা করেছি। ধর্মীয় মূল্যবোধ ও ঐশী চেতনায় অনুভবে আপুত হতে চেষ্টা করেছি। তর্ক উঠেছে নিজের মনে বার বার। সে সব তর্কের সমাধান সহজ অর্থে সম্ভব নয় আদমকে স্বর্গ ছাড়া করা না হলে স্বর্গের অবস্থা কি হতো। মাটির পৃথিবীতে মানুষ না এলে কোন প্রজাতির দখলে পৃথিবী থাকতো। আদমকে সিজদা না করা কি শয়তানের মতিভ্রম নাকি- মহান স্রষ্টার লীলাখেলা। ঐ সব হাজার প্রশ্নের উত্তর খুঁজতে চেষ্টা করেছি আমার কাব্য কথায় গানের মধ্যে। ইসলাম মানবতারই ধর্ম। আমার নিজের পূণ্যের বিনিময়ে পরকালেও মানুষের মুক্তি চেয়েছি। দেশের কথা বলেছি জাতি ও বিবেকের কথা বলেছি। দেশ ও জাতি বাদ দিয়ে তো সমাজ হতে পারে না। আমি বিচিত্র মাধ্যমে গান লিখছি তবে সব গানেরই মূল সুর এক। স্রষ্টার প্রতি ভালবাসা এবং তাঁর সৃষ্টির মঙ্গল কামনা। বিশ্বপ্রেমই স্রষ্টা, প্রেমের পাদপিঠ এ তথ্যে আমি বিশ্বাসী। মানুষের মাঝে আমার এ ভাবনা প্রসার ঘটানোর চেষ্টা করেছি। যদি এ ভাবনা আরও প্রসার হয় তবে মানুষের কল্যাণ হবে বলে আমি বিশ্বাস করি।

মরমি সাধনার প্রধান বৈশিষ্ট্যই এটা, বৈশিষ্ট্যই হচ্ছে জাতধর্ম আর ভেদবুদ্ধির উর্দ্ধে ওঠা। সকল ধর্মের নির্যাস, সকল সম্প্রদায়ের ঐতিহ্যই অধ্যাত্ম-উপলব্ধির ভেতর দিয়ে সাধক আপন করে নেন। বাল্যকাল থেকে অদ্যাবধি সাবির কবিতা রচনা করেছেন । কাব্যরস আর গীতিমাধুর্যের সম্মিলন ঘটেছে তাঁর রচিত গানে। শুর“তেই যে কবি লেখেন 'চিরন্ড়ন' কবিতা, তাঁর কবিকর্ম চিরন্ড়ন ব্যপ্তি নিয়ে, অনির্বাণ দীপ্তি নিয়ে, অমর জীবন নিয়ে সাহিত্য ভূবনে অক্ষয় অবদান রূপে প্রতিভাত হবে এই তো স্বাভাবিক। দুই সহস্রাধিক গান উপহার দিয়ে সাবির আজ বিরল কবি প্রতিভা হতে চলেছেন । তিনি এখনও সতেজ-সজীব এবং আন্ড়রিক আশা আরও গীত রচনা করে আমাদের অনুপ্রাণিত ও আপুত করবেন গীত সুধারসে। তাঁর রচনায় যে অধ্যাত্মভাব, বিশ্ব-মানবিকতা ফুটে উঠেছে তা বাংলা সংগীতের এক ঐশ্বর্যময় সংযোজন বলতে হবে। মূলতঃ বিচিত্র ভাবরসের সম্মিলন ঘটেছে সাবিরের গানে। দেশপ্রেম, মাটি ও মানুষের প্রতি গভীর মমত্ববোধ যেমন তাঁকে আপুত করে, তেমনিভাবে প্রতিবাদ প্রতিরোধে উদ্দীপ্ত করে তোলেন শান্ড়রসের নান্দনিকতায় গানের ভিতর দিয়ে। তিনি দেখিয়েছেন যে, মানুষের কিছু কিছু চিরন্ড়ন হৃদয়বৃতি আছে, যা আবহমানকাল ধরেই ক্রিয়াশীল থাকে। তাঁর জীবনদর্শন হচ্ছে মানুষের কল্যাণ-প্রয়াস এবং বিশ্বজনীন মানবতার প্রতি শ্রদ্ধাবোধ। সে মানুষ হিন্দু না মুসলমান না খৃষ্টান না বৌদ্ধ না জৈন্য তার বিচার করেন নি। তিনি মানুষ আর মানবতার জয়গান গেয়েছেন। তিনি বলছেন এভাবে–

সৃষ্টার নেই বংশ-বিচার
নেই কোনো তাঁর জাতিকুল
মানব-কুলের সবাই মানুষ
জাত-পরিচয় সবই ভুল ॥

এ চেতনায় উদ্বুদ্ধ হতে হলে চিত্তের প্রসার ঘটাতে হবে। তিনি বিশ্বাস করেন দেশ ও জাতি ধর্মের উর্দ্ধে উঠে আত্মার স্বরূপ আবিষ্কার করতে হবে। চিনতে হবে নিজকে এবং মানুষকে। কারণ এই মানুষে মানুষ আছে। তাকে চিনতে হবে, জানতে হবে। বিশ্বমানব-প্রেমে উদ্বুদ্ধ হতে হবে। এই বিশ্ব মূলত স্রষ্টার রূপের অপরূপ প্রকাশ। এ যেন তাঁর আত্মবিকাশ। সেই মহাসত্যের বান্ড়ব রূপায়ন, মহাপ্রভুর রূপ-ধারণ। নিরাকার রহস্যময়ীর স্বরূপের অভিব্যক্তি। অসীমের লীলা সসীমে সীমাবদ্ধ হওয়া। স্রষ্টার সৃষ্টির সর্বশ্রেষ্ঠ মানব-লীলায় তাঁরই মহিমা প্রকাশ। কবি তাই বলেছেন–

রূপ অরূপের শুধুই খেলা
দেখছি জগত জুড়ে
তাঁরই বাঁশি সবকে ঘিরে
বাজছে মধুর সুরে ॥

দ্বিতীয় অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

বাঙালী মানস ও মরমিবাদ

বাংলাদেশের ভৌগোলিক বৈশিষ্ট্য সুগভীর তাৎপর্যপূর্ণ। এর একদিকে ছোট বড় পর্বতশ্রেণী, অন্যদিকে সুবিশাল সমুদ্র। মাঝে মাঝে সমতল ভূমি। দেশের অভ্যন্ড়রে মালার মত ছড়িয়ে রয়েছে অসংখ্য নদ-নদী, খাল-বিল আর হাওড়-বাওড়। এই সব নদী দ্বারা বাহিত পলিমাটির আর্দ্র কোমলতা মানুষের মনকে গ্রাস করেছে। তাই দেখা যায়, বাঙালি সহজে যেমন অপরকে হৃদয়ে মিশিয়ে নেয়, তেমনি নিজের স্নেহরসে অপরকে সিঞ্চিত করতেও তার সময় লাগে না। হৃদয়ে হৃদয়ে সংযোগ সাধনের এই যে নৈপুণ্য- এই নৈপুণ্যই বাঙালিকে বিশ্বের দরবারে একটি বিশিষ্ট আসন দান করেছে।" বাঙালি তার আপন সংস্কৃতির দ্বারা চিহ্নিত। এই সংস্কৃতি সর্বজনীন সংস্কৃতি।"

(জাহান-আরা বেগম, বাংলাদেশের মরমি সাহিত্য)

নিজের শ্রমলব্ধ অন্ন দ্বারা ক্ষুদিতকে সেবা করার যে প্রবণতা, তা বাঙালি চরিত্রেরই বিশিষ্টতা। সে মনে করে , মানুষকে সেবা করা মানেই ঈশ্বরকে সেবা করা। ঈশ্বর বাঙালির সব কিছু। দুঃখে-দৈন্যে, রোগে-শোকে, আনন্দে-কর্মে সে স্বরণ করে ঈশ্বরকে। ঈশ্বর চেতনা মানেই ধর্ম চেতনা। মনে হয় সৃষ্টির আদিতে ঈশ্বর বুঝি ইচ্ছা করেই ধর্মের বীজ ছড়িয়ে দিয়েছিলেন বাংলার জলবায়ুতে। তাই এর বীজ বাঙালি হৃদয়ের গভীরে মূল বিস্ড়র করে দিয়েছে সবার অলক্ষ্যে। তাই কোনো অবস্থাতেই ঈশ্বরকে বাদ দিয়ে চিন্ড়া করতে পারে না। "যুগে যুগে কত রাজা এলো,কত রাজা গেল, কত সংস্কৃতির উত্থান-পতন হলো, বিচিত্র তাদের আচরণ, বিচিত্র তাদের ধর্মবিশ্বাস। কিন্ত্র কোনো কিছুতেই বাঙালি তার নিজ বৈশিষ্ট্য বিসর্জন দেয় নি। বরং সব কিছুকে গ্রাস ক'রে আপন মনের মাধুরীতে আপনিই হয়ে উঠে সমুজ্জ্বল।"

(ড. সালাহউদ্দীন আহমদ, *বাঙালির সাধনা ও বাংলাদেশের মুক্তিযুদ্ধ)*

"এ জন্যেই বিশ্বের সকল জাতির মধ্যে বাঙালিকে আলাদাভাবে চেনা যায়। বাঙালির ক্রিয়া-কর্ম সব কিছুতেই তার এই বৈশিষ্ট্যের পরিচয় সবিশেষ লক্ষ্যযোগ্য।"

(সাবির আহমেদ চৌধুরী , পৃথিবী আমার ঘর)

এই যে বাঙালি স্ব-মহিমায় উদ্ভাসিত হয়ে উঠেছে– এর কারণ নির্ণয় করতে গেলে আমাদেরকে অবশ্যই প্রকৃতির দিকে দৃষ্টিপাত করতে হয়। বাংলাদেশের জলবায়ুর মধ্যে এমন এক মাদকতা মিশানো আছে, যার দরুন প্রক্রতি একদিকে হয়েছে সবুজ-শ্যামল, অন্যদিকে হয়েছে রুদ্র-ভয়ঙ্কর। এদেশের মানুষের মনের উপরও পড়েছে এই প্রকৃতির ছাপ। শষ্য-শ্যামল মাঠ, সবুজ গাছ-গাছালি, পাখির মন-মাতানো গান, বহমান নদীর কলতান এদেশের মানুষকে করে তুলেছে ভাবুক-উদাস। কিন্তু তাই বলে সে বৈরাগীর একতারা হাতে নিয়ে বিবাগী হয়ে সংসার ছেড়ে বেরিয়ে যেতে পারে না। সংসার জীবনে তাকে করতে সংগ্রাম–কঠোর সংগ্রাম। জীবিকার অন্বেষণে, বেঁচে থাকার প্রয়োজনে মাথার ঘাম পায়ে ফেলে তাকে ক্ষেতে-খামারে, শহরে-গঞ্জে, কলে-কারখানায় উদয়ান্ড় পরিশ্রম করতে হয়।

তারই মাঝে দুদ অবসর যখন হাতে আসে, তখন সে বসে পড়ে গাছের ছায়ায়- কর্ণ-কুটিরের দাওয়ায়। সুদূর দিগন্ড়ে ক্লান্ড় দৃষ্টি প্রসারিত করে। গভীর ভাবনা আপনা থেকেই তার অন্ড়রে এসে ঘুরপাক খেতে থাকে। সে ভাবনা প্রধানত ঈশ্বর চিন্ড়ার দ্বারাই প্রভাবিত। সংসারের প্রতি দায়িত্ববোধের প্রেরণায় তাকে সংগ্রাম করতে হয় ঠিকই, কিন্তু লক্ষ্য তার রণ ক্ষেত্রে নয়- সাধন ক্ষেত্র। সে সাধনা জীবনসাধনা। আত্মার সাধনা। অন্য কিছুতে তার হৃদয় নেই- হৃদয় তার এক তারার সহজ সুরে। তাই তো সংসারে সংগ্রামী ভূমিকায় দাঁড়িয়ে কর্তব্যের যুপকাষ্ঠে মাথা দিয়েও দৃষ্টি তার বা বা ফিরে যায় বনবীথির শান্ড়-ছায়ায়-নদীর উপরখ । বাস্ড়ব জীবনে এই দ্বৈতচাপের মধ্যে পড়ে অধিকাংশ মানুষই হারিয়ে যায় সংসারের শত চোরাগলির ভিড়ে। আবার কেউ কেউ বেরিয়ে আসে প্রাণান্ড়িক শক্তিতে কাঁধের জোয়াল ফেলে দিয়ে; সংগ্রামের হাতিয়ার নিক্ষেপ করে ঢুকে যায় বিজন ভূমিতে- জনপদের এক প্রান্ড়ে নির্জন কুটিরে। আধ্যাত্মিক চিন্ড়া-ভাবনায় হৃদয় তারে আপুত হয়ে ওঠে। অন্ড়রে অনির্বাণ আলোর শিক্ষা জ্বালিয়ে তারা অন্বেশন করতে থাকে বিশ্ব-ব্রক্ষা ের অতল-অন্ধকারের আড়ালে রয়েছে যে রহস্যময়- তাকেই। ভোগবিলাস, কামনা-বাসনা প্রভৃতি ষড়-রিপুর দ্বারা তাড়িত সাধারণ মানুষের মতো তখন আর তারা থাকে না। তখন তারা অধ্যাত্মবাদী-মরমি সাধক। ভজন-সাধন আর আরাধনার দ্বারা ঈশ্বরকে পাওয়াই হয় তাদের মূল লক্ষ্য। তাদের অন্ড়রের আবেগ-আকুতি-ধ্যান-ধারণা সম্পৃক্ত রচনাকেই বাংলা সাহিত্যে মরমি সাহিত্য নামে আখ্যায়িত করা হয়। “আসলে অধ্যাত্ম জীবন-সম্পর্কিত গভীর অনুসন্ধিৎসা তাদের মর্মমূলে যে ভাবের সৃষ্টি করে সেই ভাবের বাণীময় রূপই মরমি সাহিত্য। এ সাহিত্য নির্ঝরিণীর মত স্বতোৎসারিত- মর্মমূল থেকে উৎসারিত। কে এই জগতের নিয়ন্ড়া, কি তার স্বরূপ, মানব জীবনের উৎস কি, কেনই বা জীবন সৃষ্টি হলো পৃথিবীতে, কি তার উদ্দেশ্য, পরিণতিই বা কি ইত্যাকার প্রশ্নরাজি বাঙালির ভাবুক দৃষ্টিকে করে তুলেছে তত্ত্বাশ্রয়ী।”

(আশুতোষ ভট্টাচার্য, বাংলার লোকসাহিত্য)

এসব চিরন্ড়ন জিজ্ঞাসার জবাব খুঁজতে খুঁজতে দৃষ্টি তার চলে যায় সুদূর রহস্যলোকের অন্ধকার রাজ্যে। খুঁজতে থাকে তার সিংহ দরজার চাবি। সেই চাবি যার হস্ড়গত হয় সে সিদ্ধপুর"ষ- যার হয় না সে ব্যাকুল হয়ে মাথা খুঁড়তে থাকে সেই অন্ধকারের বন্ধ দুয়ারের সামনে । এমনি করেই গড়ে উঠেছে অধ্যাত্মবাদ বা মরমিবাদ।

মরমিবাদের পরিচর্যা করা হয় মরমি সাধনার মধ্য দিয়ে। বাংলাদেশের মরমি সাধনার বহু ও বিচিত্র পন্থা রয়েছে। বিভিন্ন ধর্মমতকে কেন্দ্র করেই এসব পন্থার উদ্ভব। যেমন বৌদ্ধ সিদ্ধাচার্যদের সাধনা, নাথ সাধনা, হিন্দু যোগসাধনা, দেহতত্ত্ব প্রভৃতি। তবে এসব সাধনার সঙ্গে ইসলামের সুফি-সাধনা মিশ্রিত হয়েই বাংলার মরমি সাধনাকে ব্যাপক, উজ্জ্বল ও শক্তিশালী করে তুলেছে। এই শক্তিশালী মরমি সাধনার স্বরূপকটিকে বুঝতে হলে আমাদের জানতে হবে সামাজিক পটভূমি। "এদেশে যুগে যুগে নানা জাতির শাসন কায়েম হয়েছে আবার পতন হয়েছে। এমনি করেই এসেছে বৌদ্ধ, হিন্দু এবং সর্বশেষে মুসলমান। "

(ড. মৃদুলকান্ড়ি চক্রবর্তী, *বাংলা গানের ধারা ;হাজার বছরের বাংলা গান)*

ইতিহাসে থেকে জানা যায়, সেন রাজাদের শাসনের শেষভাগে সমাজে নানাবিধ অনাচার ও কুসংস্কার চরমে উঠেছিল। এদেশের মধ্যে যে বিভ্রান্ড়ি ও বিশৃংখলা বিরাজ করছিল তারও কারণ ছিল। হিন্দু সমাজ ব্রাহ্মণ শাসিত। ব্রাহ্মণরা উচ্চকোটির লোক। এরাই দেশের শাসন ক্ষমতার প্রতিভূ। সমাজে বর্ণভেদ প্রথা প্রচলিত থাকায় এক বর্ণের লোকেরা অন্য বর্ণের লোকদের ঘৃণা ও অবিশ্বাস করতো। পরস্পরের মধ্যে মিল তো দূরের কথা, বরং স্পর্শ বাঁচিয়ে চলতো। উচ্চকোটির ব্রাহ্মণরাই ছিল ধর্মীয় ও রাষ্ট্রীয় ও শাসনের অধিকারী। তারা কেবল নিজেদের সুখ-সুবিধা নিয়েই মশগুল থাকতো। অন্যের স্বার্থ সংরক্ষণের চিন্ড়া বা ইচছা কোনোটাই তাদের ছিল না। সমাজে বৌদ্ধ বা অন্য ধর্মাবলম্বী যারা ছিল, তারা এদের ভয়ে মানবেতর জীবন যাপনে বাধ্য হচ্ছিল। সেই লাঞ্ছিত জনমনের বন্ধ বাতায়নে ইসলামের উদার হাওয়ার প্রবাহ ইতিমধ্যেই শুর" হয়েছিল। আরবের মুসলিম বণিকেরা ব্যবসা-বাণিজ্যের উদ্দেশ্যে এদেশে বহু আগে থেকেই আসা-যাওয়া শুর" করেছিল। তাদের প্রভাবে এদেশের নিম্নশ্রেণীর বহু লোক ইসলাম গ্রহণ ক'রে জীবনের মোড় ঘুরিয়ে ফেলেছিল। সেই সময় আরব, পারস্য থেকে বহু দরবেশ-সাধক ধর্ম-প্রচারের উদ্দেশ্যে বাংলাদেশে আগমন করেন। এঁদের আন্ড়রিক প্রচেষ্টায় ইসলামের প্রচার ও প্রসার বাড়তে থাকে। এই সময় দেশে হিন্দুদের সঙ্গে বৌদ্ধদের ও হিন্দুদের সঙ্গে মুসলমানদের ধর্মীয় মতবাদের পার্থক্যহেতু বিদ্বেষ যেমন চরমে উঠেছিল তেমনি উচ্চকোটি সুবিধাপ্রাপ্ত সুখী মানুষের সঙ্গে নিম্নকোটির উৎপীড়িত মানুষের বিরোধ ও বৈষম্য চরমে

উঠেছিল। ঠিক এই অবস্থায় তুর্কীরা অভিযান চালিয়ে এদেশ দখল করে নেয়। মুসলামন শাসন কায়েম হওয়ার সঙ্গে সঙ্গে বহু পীর-দরবেশ-আউলিয়া ও সুফি সাধক আরব ও মধ্য-এশিয়া থেকে আগমন করেন ইসলামের মহান বাণী প্রচারকল্পে ও মানুষের আত্মিক সংস্কার সাধনের উদ্দেশ্যে। তাঁরা প্রচার করলেন এক নতুন কথা, আত্মা সকল শক্তির উৎস। যদি সাধনার দ্বারা, সংস্কৃতির দ্বারা আত্মাকে উন্নত করা যায়, তবে মানুষ অলৌকিক ক্ষমতার অধিকারী হতে পারে। আধ্যাত্মিক সাধনাই আত্মার কল্যাণ আনতে সক্ষম। এসব সাধকেরা অনাড়ম্বর ও নির্লোভ জীবনাচরণের মধ্যদিয়ে ইসলামের আদর্শকে এমনভাবে প্রকটিত করলেন, যা দেখে সাধারণ মানুষেরা অভিভুত হয়ে পড়লো। অত্যাচারিত জনগণ মুক্তির পথ পেলো। অগণিত লোক ইসলাম গ্রহণ করে চিন্ড্র ও দৃষ্টিভঙ্গীকে নতুন করে সাজালো। যারা ইসলাম গ্রহণ করলো না, তারাও এর প্রভাবকে অস্বীকার করতে পারলো না। নিজেদের ধর্মমতের সঙ্গে সুফিমতকে মিশিয়ে এক উদার মতবাদের সৃষ্টি করে ঈশ্বরের সাধনায় ব্রতী হলো। এতকাল অসংখ্য দেবদেবীর পুজারী ছিল যে জাতি, তারা এবার সকল শক্তির উৎস হিসাবে এক আলাহকে চিনতে শিখলো। তাদের নবজাগ্রত আত্মা সাধনার যে পথ বেছে নিল, তাতে কেউ হলো বৈষ্ণব সহজিয়া প্রেমপন্থী, কেউ হলো প্রেমপন্থী বাউল আবার কেউবা সুফি-সাধক। সমস্ড় বিদ্বেষ ও বিভেদ ভুলে গিয়ে তারা জীবনের এক নতুন অর্থ খুঁজে পেলো। সুফি দরবেশদের কাছ থেকে তারা লাভ করলো আধ্যাত্মিক সম্পদ। এসব সুফিদের আখড়ায় বহু ভক্ত ও শিষ্যের আনাগোনা হতো। জাতিধর্মের কোনো বাছ-বিচার ছিল না। এখানে ধর্মালোচনা হতো। সুফিরা মানুষকে উন্নত জীবনের বাণী শোনাতেন-আত্মার বিকাশ সাধনের পন্থা বাতলে দিতেন। তাঁদের আধ্যাত্মিক সাধনায় অনুপ্রাণিত হয়ে ভক্ত- শিষ্যরাও সাধনায় আত্মনিয়োগ করেছে। পরবর্তীকালে তারাও সিদ্ধিলাভ করে কর্ম আদর্শের দ্বারা সমাজ-মানসকে প্রভাবান্বিত ও অনুপ্রাণিত করেছে।

দ্বিতীয় পরিচ্ছেদ

মরমি-তত্ত্ব ঃ একটি পর্যালোচনা

প্রাচ্যের মিষ্টিসিজম মুখ্যত সাধকদের ধর্মাসাধনার সঙ্গে যুক্ত। বেদ উপনিষদ প্রভৃতির মধ্যদিয়ে প্রাচীন ভারতবাসীর ধর্মচেতনা সর্ব প্রথম একটি সমুন্নত রূপ গ্রহণ করে। ভগবৎসত্তার সামীপ্যলাভের জন্য বেদের মধ্যে যগযজ্ঞ এবং শাস্ত্রীয় আচার-আচরণের ওপর প্রাধান্য দেওয়া হয়েছে। শাস্ত্রাশ্রিত এ ধর্মসাধনার প্রবক্তারা সকলেই বড় বড় বিদ্বান এবং পন্ডিত। শাস্ত্রনির্দিষ্ট ক্রিয়া-কর্ম, আচার-অচারণ, মন্ত্র উপাসনার পাষণভারে পীড়িত হয়ে কালক্রমে এক শ্রেণীর সাধক সহজ ও মধ্যপন্থায় ভগবানের সাযুজ্য লাভের জন্যে অগ্রসর হলেন। এরা হলেন মধ্যযুগের সন্ত এবং বাউল সম্প্রদায়। এ উভয় শ্রেণীর সাধকের লক্ষ্য ছিল শাস্ত্রভার থেকে মুক্ত হয়ে কায়াসাধনার সাহায্যে পরমানন্দ লাভ করা। দেহই তাদের বিশ্ব। জাতি ও সমাজের বন্ধন উভয় শ্রেণীর সাধকই অস্বীকার করেছেন। আলোকিত দৃষ্টির সাহায্যে জগতের ক্ষুদ্র তুচ্ছ বস্ড়ুর মধ্যেও তাঁরা পরম-সত্তার স্পর্শ অনুভব করে মিষ্টিক আনন্দে বিভোর হয়েছিলেন। পূর্বোলিখিত পাশ্চাত্য মিষ্টিকদের উপলব্ধির সঙ্গেও তাঁদের মিষ্টিক চেতনার সাদৃশ্য অছে। অধ্যাত্মজিজ্ঞাসার সকল উত্তর খুঁজেছেন তাঁরা মানবদেহ এবং বিচিত্র মানব জীবনের মধ্যে। খুব সম্ভব একারণে কবি রবীন্দ্রনাথ পরবর্তীকালে তাঁদের ধর্মকে মানবধর্ম বলে অভিহিত করেছেন।

শাস্ত্রভার এবং লোকচারের শাসনমুক্ত এই সহজ সাধনার ধারা আর্যভূমির বাইরে ভারতের পূর্ব-উত্তর সীমান্ড়ে এবং মগধ-বঙ্গের অশচি ভূমিতে উদ্ভূত হয়েছিল বলে কোনো কোনো পন্ডিত মনে করেন। এর কারণ মধ্যযুগের অন্যতম শ্রেষ্ঠ সাধক কবীর ভারতবর্ষের পূর্ব-সীমান্ড় ঘেঁষে এবং বাউলরা বাংলাদেশে উদ্ভূত হন এবং প্রচলিত সাধনার ধারা অগ্রাহ্য করে তাঁরা নবতর ধর্মচেতনার পথে চলতে থাকেন। শুধু ভারত-ভূমিতে নয়, মধ্যযুগের পারসিকগণ রাজনৈতিক পরাধীনতার দর্ুন যখন ইসলাম ধর্ম স্বীকার করতে বাধ্য হয়েছিলেন, তখন তাঁদের মধ্যেও ইসলামের সুকঠোর নিয়ম-শৃঙ্খলার বির্দ্ধে ভক্তি ও প্রেমের পথে ধর্ম জিজ্ঞাসার একটি নতুন ধারার উদ্ভব অবশ্যম্ভাবী হয়ে উঠেছিল। পারস্যদেশের সুফি ভক্ত কবিদের শাস্ত্রভারমুক্ত সহজ প্রেমসাধনা এই নতুন ধারার পরিচয়বাহী। ক্রমে এই সুফি মত ভারতবর্ষ পর্যন্ড় প্রসার লাভ করে। কেউ কেউ মনে করেন, মধ্যযুগের মিষ্টিক সাধক কবীর সুফি সাধক মুহম্মদ তকীর শিক্ষায় সুফি মনোভাবাপন্ন হয়ে উঠেছিলেন।

বহুকাল সভ্যতার অগ্রগতির পর ভারতবর্ষে যাগযজ্ঞ এবং ক্রিয়াকান্ড প্রধান বৈদেশিক সভ্যতার পত্তন হয়। বাউলেরা বলেন, বৈদেশিক ধর্ম প্রতিষ্ঠার পূর্বেও শাস্ত্রীয় আচার-বিচারের কঠোরতা দেখে তারা বলেছিলেন, "বাহিরের বেদকে বিদায় দিলে অন্ড়রের বেদ উদ্ভাসিত হইয়া উঠে। এই অন্ড়রবেদ মানিলে বাহিরের শাস্ত্রের আর প্রয়োজন থাকে না। পূজা-পার্বন, আনুষ্ঠানিকতা সবই ঘুচিয়া যায়। জাতি-বর্ণ প্রভৃতির ভেদবুদ্ধিরও অবসান হয়। ইহারই নাম 'সহজ বেদ'। এই বেদই বিশ্বের আকাশে নানারূপে নিরন্ড়র মূর্তিমন্ত্ররূপে ধ্বনিত।"

বাউলদের সহজ প্রেমসাধনার মরমি মতবাদ কালক্রমে বেদ, ব্রাহ্মণ, উপনিষদ, মহাভারত প্রভৃতি বিভিন্ন পুরাণ, জৈন-বৌদ্ধ ধর্ম এবং সহজিয়াপন্থী বৌদ্ধ সিদ্ধাচার্যদের ওপর কিভাবে গভীর প্রভাব বিস্ড়র করেছিল, তার বিস্ড়ৃত বর্ণনা দিয়েছেন অধ্যাপক ক্ষিতিমোহন সেনশাস্ত্রী ১৯৫৪ সনে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত তাঁর বাংলার বাউল নামক ক্ষুদ্র গ্রন্থে। ঋগ্বেদের একটি সূত্রে বলা হয়েছে, প্রেমের চেতনাই প্রকৃত জাগরণ সূচিত করে, গায়ত্রী মন্ত্রের নিহিতার্থ হলো সর্ববন্ধন থেকে মুক্তির ইঙ্গিত। "বেদের ব্রাহ্মণদের সঙ্গে বাউলদের প্রতিকী হেয়ালীর সাদৃশ্য অতি নিকট, বেদের পুর"ষ-সূত্রে বাউলদের মানবীয় ধর্ম এবং প্রেমতত্ত্বের জয়গান। মনে হয় বাউলদের সংস্পর্শে এসে কর্ম ও আচার ধর্মপ্রধান বেদপন্থীরা ক্রমশ মরমিয়া হয়েছেন।"

(জাহান-আরা বেগম, বাংলাদেশের মরমি সাহিত্য)

তান্ত্রিকদের সঙ্গে মরমিয়া বাউলদের কায়াযোগের সাদৃশ্য দেখা যায়। তবে অনুরাগ তত্ত্ব বাউলদের নিজস্ব অনুভূতির ওপর প্রতিষ্ঠিত। ঐতরেয় ব্রাহ্মণের গতিবাদ তত্ত্বের সঙ্গে কবীরের অগ্রসর-বাণীর সাদৃশ্য অছে। উপনিষদেও বাউলদের কায়াত্ত্ব এবং প্রেমতত্ত্বের সন্ধান মেলে। জৈন-বৌদ্ধদের নির্বাণ ভাবনার সঙ্গে বাউলিয়াদের নির্বাণতত্ত্বের পার্থক্য নেই সহজিয়াপন্থী বৌদ্ধদের দোহাকোষ শাস্ত্র এবং আচার বন্ধনমুক্ত প্রেমসাধনার কথা। "দোহাগুলিতে সিদ্ধাচার্যেরা যে শূণ্যের কথা বলেছেন, সে শূন্য হলো সহজ-সরল-শুভ্র নিস্কলঙ্ক প্রেম।"

মযহারুল ইসলাম, ফোকলোর পরিচিতি ও লোকসাহিত্যের পঠন পাঠন

অনুষ্ঠানিক শাস্ত্র-ধর্মের কঠোর অনুশাসনমুক্ত হয়ে সহজ প্রেমধর্ম প্রচন্ড আবেগের সঙ্গে আত্মপ্রকাশ করেছিল মধ্যযুগে ভক্তি ধর্মের জাগরণের ফলে। সব ধরণের মিষ্টিক অনুভূতির প্রেরক-শক্তি হলো প্রেম। ভক্তি আন্দোলনের মূল লক্ষ্যই ছিল ভক্ত-ভগবানের রহস্যময় মিলনের পথকে সুগম করে

দেওয়া। এ ধরনের রহস্যময় মিলন-অনুভূতির বাহ্যজ্ঞানশূন্য ভাববিহ্বলতার প্রকাশ ঘটেছিল শ্রীচৈতন্যদেব এবং তাঁর অনুগামীদের জীবনে। চৈতন্যচরিতামৃতে চৈতন্যদেবের যে আবেশ ও মূর্চ্ছার কথা বলা হয়েছে, তা তাঁর সাধক জীবনের সুগভীর মিষ্টিক অনুভূতিরই অভিব্যক্তি। মীরাবাই-এর মাধূর্যরসের সাধনায়ও সেই মিষ্টিক অনুভূতি। মূলতঃ মধ্যযুগে ভারতবর্ষের প্রায় সমস্ড় অঞ্চলেই ভক্তিপ্রধান মিষ্টিক সাধকদের অভ্যুদয় ঘটেছিল। উত্তরাঞ্চলে রামনন্দ, তুলসীদাস, নানক, কবীর, দাদু পশ্চিমাঞ্চলে তুকারাম এবং মারাঠা ভক্তেরা, দক্ষিণাঞ্চলে শৈব, সন্তরা আবির্ভূত হয়ে মিষ্টিক প্রেমসাধনার আলোকে জাতীয় চিত্তকে উদ্ভাসিত করেছিলেন। রামানন্দ নিজে ব্রাহ্মণ হলেও জোলা কবীর, মুচি রবিদাস, নাপিত সোনা, জাঠধন্না প্রভৃতি তথাকথিত নিচুবর্ণের মানুষকে শিষ্য হিসেবে গ্রহণ করেছিলেন। ভক্তি ও প্রেমের পথই তাঁর মিষ্টিক সাধনার পথ। পরম ঐক্যের উপলব্ধির জন্যে তিনি শাস্ত্রগ্রন্থকে প্রাধান্য দেন নি, দিয়েছেন মানুষের অন্ড়রের উদ্বোধনকে। মিষ্টিক প্রেমসাধনার প্রভাবে সকল জাতি এবং ধর্মালম্বীকে সমদৃষ্টিতে দেখতে প্রেয়েছিলেন কবীল। একটি দোহায় কবীল বলেছেন ঃ মন্দিরে বা মসজিদেই যদি ভগবানকে খোঁজ কর তবে ঝগড়া মিটিবে না। তিনি সবার অন্ড়রে। খোদা যদি মসজিদেই থাকেন, তবে বাকি জগৎটা কার ? তীর্থে মূর্তিতে রাম থাকলে কেহ তো তাকে পাবে না। পুবে থাকেন হরি, পশ্চিমে থাকেন আলা। তারে অন্ড়রের মধ্যে দেখ খুঁজে, সেখানেই রাম রহমান। বাউল এবং সুফি মিষ্টিক সাধকদের মত কবীলও বলেন-

"মরিতে জান, তবে জীবন্ড়েই মর, ইহাই সার পথ।"

সুফিরাও জীবন্ড়ে মরাকে বলেছেন ফানাফিল-া। প্রিয়তমের সাধক যখন আত্মাহারা হয়, দার্শনিকের ভাষায় ব্রহ্মের মধ্যে যখন বিলীন হয়, তাকেই বলে জ্যান্ড়ে মরা। এ ধরনের আত্মহারা মিলনকে বলা চলে মিষ্টিক অনুভূতির চরমতম প্রকাশ। কবীলে সাধনায় অসীম শূন্যে নিমজন, বাহ্য পূজা-অর্চনা, তীর্থ ব্রত বিসর্জন দিয়ে সহজ- সাধনায় আত্মহারা ভাব। মিষ্টিক ভাবজগতের অধিবাসী কবীল বলেন "এখন আমি চক্ষুও বুজি না, কায়াকষ্টও করি না, নয়ন খুলিয়া হাসিয়া হাসিয়া দেখি সর্বত্র সেই সুন্দর রূপ, সর্বত্র পাই তাঁহারি পরিচয়। "কবীরপন্থী দাদুর মধ্যেও মিষ্টিক-এর সেই কায়া-সাধনার কথা, সেই শূন্যমন্ডলে উপস্থিত হয়ে আত্মার দর্পণে নিজেকে প্রত্যক্ষ করবার প্রয়াস।

বাংলাদেশের লালন-পাঞ্জু সম্প্রদায়, কর্তাভজা সম্প্রদায়, বলরামী সম্প্রদায়, সহজিয়াপন্থী সাধক, জগমোহনী সম্প্রদায় প্রভৃতি মরমিয়া সাধকবৃন্দ সহজ প্রেমের পথে সুগভীর মিষ্টিক চেতনার পরিচয় দিয়েছেন। তাঁদের সাধনায় জ্ঞান থেকে প্রেমের প্রাধান্য স্বীকৃত। সে জন্য সাধনার পথে তাঁরা নারী-বর্জনের কথা ভাবতে পারে নি। নরনারীর প্রেমের মধ্যদিয়ে অধ্যাত্ম-নিয়োগের বিকাশই ছিল তাঁদের

পরম লক্ষ্য। সহজিয়া সাধক চন্ডীদাসের নারী সাহচর্যে মিষ্টিক প্রেম সাধনার কথা কারো অবিদিত নয়। সহজিয়া পদগুলিতে তিনি যে গভীর মিষ্টিক অনুভূতির রূপ দিয়েছিলেন, তা যে কোনো অনুভূতিশীল চিত্ততে তৎক্ষণাৎ স্পর্শ করে। সহজিয়া প্রেমসাধকরা প্রাধান্য দিয়েছিলেন স্বকীয়া থেকে পরকীয়া প্রেমের ওপর। যেহেতু পরকীয়া প্রেমের আকর্ষণ স্বকীয়া প্রেম থেকে অনেক বেশি। অনিশ্চয়তার মধ্যে প্রেমের পরম মাধুর্য উপলব্ধি করে বৈষ্ণবভক্ত কৃষণদাস কবিরাজ চৈতন্য-চরিতামৃতে লিখেছেন-

স্বকীয়া পরকীয়া ভাবে বিবিধ সংস্থান।
পরকীয়া ভাবে অতি রসের উলাস। (অদ্য, চতুর্থ)

এ ধরণের প্রেম সাধনায় বৈষ্ণব সাধকদের মিষ্টিক চেতনার পরিচয় অতি প্রত্যক্ষ। মরমি কবি হাসন রাজা, লালন শাহ, কাঙাল হরিনাথ, পাঞ্জু শাহ, দুদ্দু শাহ, গগণ হরকরা সাবির প্রভৃতির গানে মিষ্টিক অনুভূতির গভীরতম প্রকাশ ঘটেছে। যেমন সাাবিরের গানে পাই–

“যতই আপন ভাবিস রে তুই
খাঁচার পাখিটিরে
একদিন সে পালিয়ে যাবে
সোনার শিকল ছিঁড়ে ॥”

(সাবির আহমেদ চৌধুরী, ঐশী জ্যোতি)

মিষ্টিক সাধকেরা শাস্ড়্রাচার এবং লোকাচারের বন্ধনমুক্ত হতে পেরেছিলেন বলে তাঁদের মধ্যে হিন্দু-মুসলমানের জীবনধারার এক অদ্ভুত সামঞ্জস্য ঘটেছিল। মিষ্টিক প্রেম-সাধনাতে তাঁরা গুর“বাদকে প্রাধান্য দিতেন। বহু স্থলে হিন্দু সাধকের সুমলমান গুর“ ছিল। হিন্দুদের মধ্যে নিচুবর্ণের নিরক্ষর বাউলের সন্ধান পাওয়া যেত বেশি। শাস্ত্র জ্ঞানমুক্ত নিরক্ষর বাউলের সহজ অনুভূতিকে যে আলোকিত উপলব্ধির আভাস পাওয়া যায়, তা যে কোনো শিক্ষিত মনকেও আলোকিত উপলব্ধির আভাস পাওয়া যায়, তা যে কোনো শিক্ষিত মনকেও বিস্মিত করে। ‘বরা’ নামক কৈবর্ত শ্রেণীর একজন সাধক লৌকিক মায়ের ক্রন্দনের প্রতীকের মধ্যদিয়ে জগত জননীর সন্ড়ান ব্যকুলতাকে কি চমৎকার অভিব্যক্তি দিয়েছেন নিম্নলিখিত সঙ্গীতে-

মাইওরে ঢোল, ঢুলি এই কাঁসির ঝনঝনি।
ধীরে ধীরে বাইওরে মাঝি, যেন মায়ের কাঁদন শুনি ॥

মিষ্টিক সাধক যেমন সহজ প্রেমের সাধক, তেমনি তাঁদের অনুভূতিতে স্রষ্টাও সহজ, শব্দহীন, প্রকাশহীন, শান্ড় এবং চিরন্ড়ন। কবি সাবির তাঁর একটি গানে বলছেন এভাবে–

কোন কারিগর বানাইলো ঘর

মধ্যে আজব কারখানা

কেমনে চালায় কারখানা তাঁর

নেই সে ঠিকানা ॥

দুইটি নলে বাতাস চলে

যন্ত্র চলে সে কৌশলে

দশ মোকামে আছে পাঁচটি

রূপের নিশানা ॥

জ্ঞানের অতীত, ক্ষয়হীন, পরিবর্তনহীন, নিত্য শাশ্বতের সহজ মিষ্টিক উপলব্ধিই বাউলের চরম এবং পরম উপলব্ধি। পারস্য দেশে মরমিয়া সুফি সম্প্রদায়ের মধ্যে মিষ্টিক চেতনার সুগভীর প্রকাশ ঘটেছিল। তাঁদের সে চেতনার প্রকাশ মিষ্টিক সুফি কবিতা। আবু সৈয়দ আবুল খঅয়ের, ফরিদুদ্দীন অক্তার, জালালুদ্দীন র"মি, জামি, গুলসানি, রাজ, মহম্মদ শবিস্ড়রি, হাফিজ, ওমর খৈয়াম প্রভৃতির মিষ্টিক কবিতা সর্বযুগের মানুষের হৃদয়-মনকে গভীরভাবে আকর্ষণ করেছে। তুরস্কের মিষ্টিক কবিদের মধ্যে উলে- খযোগ্য ছিলেন নেসিমি। মধ্যযুগের বৈষ্ণব কবিদের মতো সুফি সাধকেরাও ইন্দ্রিয় সচেতন প্রেম বর্ণনার মাধ্যমে সুগভীর ভগবৎপ্রেমের বাণী উচ্চারণ করেছিলেন। তাঁদের মিষ্টিক চেতনার গভীরে প্রবেশ করতে না পারলে তাঁদের কবিতা মানবীয় প্রেমের কি ভগবৎ প্রেমের তা বুঝে ওঠা মুস্কিল। সুরা, নারী, বুলবুলি, বাগিচা, সাকী প্রভৃতিকে তাঁরা প্রতীক হিসেবে ব্যবহার করেছিলেন। সূফি সাধকদের মতে নিত্য সৌন্দর্যের প্রতীক একমাত্র স্রষ্টা, প্রেমের মধ্য দিয়ে তাঁর প্রকাশ সার্থক, প্রেম বিতরণ করে তিনি ধন্য এবং সত্যিকারের প্রেমপতি একমাত্র তিনিই। সহজিয়া মিষ্টিক বৈষ্ণব কবিদের মতো সূফি সাধকেরাও জাগতিক প্রেমকে তুচ্ছ মনে করেন নি। তাঁদের সুগভীর প্রত্যয় ছিল, এই জাগতিক প্রেমই মানুষ ও ঈশ্বরের মধ্যে মিলনুসেতু। এই প্রেমেই মনের সমস্ড় মলিনতা ঘুঁচিয়ে মানুষকে উত্তীর্ণ করে ভগবৎ প্রেমের রাজ্যে। সে জন্য বৈষ্ণব মহাজনদের মতো শুধু তাঁদের কবি না বলে দ্রষ্টাও বলা যায়। তাঁদের কবিতা কোনো শিল্প প্রেরণায় রচিত নয়, আবেগবিহব্বল মহূর্তের স্বতঃস্ফূর্ত প্রকাশমাত্র। শুধু গীতিকাব্যের সুরঝঙ্কৃত স্বপ্নপরিধিতে নয়, জাগতিক নায়ক-নায়িকার রোমান্টিক প্রেম আখ্যায়িকার মধ্য দিয়েও তাঁরা মিষ্টিক প্রেমানুভূতির চমৎকার রূপ দিয়েছেন। এ

ধরণের কাহিনীর মধ্যে ইউসুফ-জুলেখা, লায়লি-মজনু বিখ্যাত। নীতিবোধক কাব্য কবিতায়ও তাঁরা মিষ্টিক চেতনার চমৎকার অভিব্যক্তি দিয়েছেন। মরমিয়া সূফি কবিদের মধ্যে হাফিজের স্থান সুচিহ্নিত। মরমিয়া বৈষ্ণব কবি এবং বাউলদের মতো তিনিও শাস্ত্রচার এবং লোকচারের কেনো বন্ধন স্বীকার করতেন না। একমাত্র সহজিয়া প্রেমের পথই ছিল হাফিজের নিকট অধ্যাত্ম উপলব্ধির রাজপথ।

মূলতঃ প্রেম সাধনায় হাফিজ বৈষ্ণব কবিদের মত মিষ্টিক। ভগবানকে কখনো দেখেছেন তিনি সখার মতো, কখনো প্রেমাস্পদের মতো, অবার কখনো বা প্রণয়িনীর মতো। এক জায়গায় তিনি বলেছেন-

তুমি যে রাজার রাজা, তুমি প্রিয়তম
রহ মোর প্রেমলোকে ধ্রুবতারা সম।

এখানে ভগবানের সঙ্গে কবির সখ্যভাব। আর এক জায়গায় বলেছেন-

ঘোমটা খোলো, ঘোমটা খোলো
আমার দিকে মুখটি তোলো
আর কত কাল চলবে বলো
লুকয়ে তোমার থাকা?
গুণ্ঠনে রূপ বাড়েই কেবল
যায় না ও ধন ঢাকা।

এখানে কবি স্রষ্টাকে সম্বোধন করেছেন প্রণয়িনীর মতো। আবার স্রষ্টাকে প্রভুভাবে উপলব্ধি করে আত্মসমর্পণের আকুতি নিয়ে তিনি বলেছেন-

আসিয়াছি দুয়ারে তোমার
সেবকের লয়ে অধিকার,
হে প্রভু, করুণা তব যাঁচি
চরণের দাস হয়ে আছি
মুখপানে ফিরে তুমি চাও। (নরেন্দ্র দেব-কৃত অনুবাদ)

বাংলার মরমি কবিদের মতো হাফিজও অনুভব করেছেন, বাইরের শাস্ত্রাচারে শাসনমুক্ত না হলে অন্তরের প্রেমের রাজ্যে প্রবেশ করা যায় না। তাই তিনি প্রকৃত প্রেমসন্ধানীদের আহ্বান করে বলেছেন-

বলেন ডেকে, শোনরে সাকি,

সংসারে তোর আর কি বাকি?

বাঁধন ছিঁড়ে আয় না ছেড়ে বাসা।

কাজ কি রে তোর আসবাবে সই,

সম্পদে সুখ হয় না তো কই ?

চলরে সেথা প্রেমের আছে বাসা।

বস্ড়ুত পারস্য দেশের সূফি কবিরাও বাংলাদেশের মরমি কবিদের মতো মুক্তি কামনা করেন। আনন্দময় আলোকিত উপলব্ধির স্রষ্টার নৈকট্য লাভই ছিল তাঁদের পরম কাম্য বস্ড়ু। রূপরসময় বর্হিসৌন্দর্য্যকে তাঁরা উপেক্ষা করেন নি, কিন্তু অন্ড়রের প্রেম, ভক্তি এবং আনন্দের উদ্বোধনই ছিল তাঁদের পরম আকাঙ্খিত বস্ড়ু। তাঁরা ছিলেন আনন্দের কবি।

তৃতীয় পরিচ্ছেদ

হাসন-সাবিরঃ তুলনামূলক আলোচনা

এ অধ্যায়ে হাসন রাজা ও সাবিরের কবি মানষ এবং ব্যক্তি মানুষের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়েছে। উভয়ের বৈশিষ্ট্যও উপস্থাপিত হয়েছে। হাসন রাজা ও সাবির আহমেদের মধ্যে অন্যতম প্রধান যে বিষয় লক্ষ্য করা যায় ,তা হলো দুজনেই মরমি কবি। এক্ষেত্রে হাসন রাজার কিছু আঙ্গিক বৈশিষ্ট্য তুলে ধরবো–হাসন রাজা সত্যিকার অর্থে সুপুরষ ছিলেন। তাঁর উঁচু দেহ, দীর্ঘ বাহু, ধারালো নাক এবং কোঁকড়ানো চুল প্রাচীন আর্যদের চেহারা স্বরণ করিয়ে দেয়। তিনি খুব উদার ও দানশীল লোক ছিলেন। তাঁর চারিত্রিক উদারতা ও দানশীলতার অনেক গল্পকথা এখনও প্রবীন সিলেট-সুনামগঞ্জবাসীদের কাছে শোনা যায়। কবির উদার দৃষ্টি-ভঙ্গির কারণে সমাজে কর্তৃত্বাধীন গোষ্ঠীর আঘাত সহ্য করতে হয়েছিল। সাবির আহমেদের ক্ষেত্রেও দেখতে পাই বাস্ড়ব জীবনে কবির কর্মবৃত্তি সাধারণ মানুষের মতোই অবস্থা ও চরিত্রবশে তাকে নানারূপ হতে চয়েছে। কেউ যোদ্ধা, কেউ রাজসভাসদ, কেউ জমিদার, কেউ পলিবাসী গৃহস্থ, কেউ সেক্সপিয়ারের মতো সাধারণ বিষয়ী লোক, কেউ গোঁড়া ধর্মবিশ্বাসী, স্বজাতি ও স্বদেশ পরায়ণ কিন্তু তাঁর হৃদয়ে কাব্য প্রেরণা জেগে ওঠে সেই বৃহত্তমর চেতনার আবেশ হয়, অমনি বাইরের সকল সাজসজ্জা খসে যায়; বিষয় বুদ্ধি, মানুষের প্রতি অবজ্ঞা বা অবিশ্বাস, স্বার্থসাধন, আত্মপ্রতিষ্ঠা কোথায় ভেসে যায়, তখন তার চিত্ত শিশুর মতো সরল, বিশ্বাস প্রবণ ও আনন্দময় হয়ে ওঠে। সাবিরের এই অবস্থা তথা এই নবজন্মের পরিচয় আমরা কাব্যের সর্বত্র পেয়ে থাকি। দেশ কাল ও পাত্রের সীমা কোথাও থাকে না, কোনোখানে গন্ডি নেই, কোথাও ব্যক্তি নিষ্ঠা বা চরিত্রনীতির পরিচয় নেই। বিশ্ব বিধানের যা কিছু বৈচিত্র্য, তাকে এক দিব্যজ্ঞানের ও আনন্দের ঐক্যসূত্রে বেঁধে যুক্তিবিরোধ নীতিবিরোধ আমিত্বকে প্রসারিত করে কবি এক অপূর্ব স্ফূর্তি এক মহান উলাস প্রকটিত করেন। কবি সাবির আহমেদ চৌধুরী মরমি কবি হাসন রাজার মাজার জিয়ারত করতে গিয়ে তাঁর মনে যে ভাবের উপলব্ধি হয়েছে তা তিনি ছন্দাকারে প্রকাশ করেছেন এভাবে–

সকল কিছু ছাইড়া হাসন
খুঁজে পেলো ঘর সে আপন
পিছন পড়ে রইলো যে তাঁর
সকর ধন-জন ॥

কবি আবার যখন প্রাত্যহিক জীবন যাত্রায় নেমে আসেন, তখন তিনি যে মানুষ সেই মানুষ, তখন তাঁর চরিত্র আছে, কর্মনীতি আছে, সাধারণ মানুষের যা কিছু দুর্বলতা সবই তাঁর আছে। অন্যদিকে শৈশব থেকেই হাসন রাজা ছিলন দুরন্ড় প্রকৃতির। পড়াশোনায় তেমন আগ্রহ ছিলনা। "বংশের নিয়মানুসারে তিনি শুর"তেই আরবী ভাষার চর্চা করেন এবং সেই সঙ্গে বাংলা ভাষাও পাঠ শুর" করেন।"

(দেওয়ান মোহাম্মদ আজরফ, *হাসন রাজা*)

তবে বিদ্যালয়ের পড়াশোনায় তিনি বেশি দূর অগ্রসর হতে পারেন নি। হাসন রাজা যে যুগে জন্মেছিলেন, সে যুগে মুসলমান সমাজে ইংরেজী শিক্ষার তত প্রচলন ছিল না। নিজে আধুনিক শিক্ষায় বেশি দূর অগ্রসর হতে পারেন নি বলে হাসন রাজার মনে দুঃখ ছিল। সেজন্য সুযোগ পেলেই তিনি শিক্ষা প্রসারে সাহায্য-সহযোগিতা করতেন। সুনামগঞ্জের প্রধান ক'টি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠাকল্পে তাঁর অফুরন্ড় দান ছিলো। নারী শিক্ষা প্রসারেও তিনি সচেষ্ট ছিলেন। তাঁর বড় বোনের নাম সহিফা বানু। তিনি শিক্ষিতা এবং একজন কবি ছিলেন। বাংলা ভাষায় রচিত তাঁর "সহিফা সঙ্গীত' এবং এবং উর্দু ভাষায় রচিত 'ইয়াদ গারে-সহিফা' কবিতা গ্রন্থ প্রকাশিত হয়েছিল। তিনি প্রথম সিলেটের মহিলা কবি এবং প্রথম হাজী বিবি।

হাসন রাজা পাখি-প্রেমিক ছিলেন। কোড়া পাখি ছিল তাঁর খুব প্রিয়। এই পাখি তিনি শিকার করতেন। কখনো পাখি শিকারে, কখনও ঘোড়া চড়ে, কখনোও বা নৌকা বিহারে তিনি সুরমার বুকে বেরিয়ে পড়তেন। তাঁর অনেকগুলো প্রিয় ঘোড়া ছিল। তাদের নাম রেখেছিলেন জঙ্গ বাহাদুর, চান মুশকি, মুলকী, বাংলা বাহাদুর। অনেকবার তিনি ঘোড় দৌড়ের প্রতিযোগিতায় ইংরেজ সাহেবদের ঘোড়াকে হারিয়ে 'বাজি' জিতেছেন। তিনি জীবনে কয়েকটি বিয়ে করেছিলেন। জমিদারী কর্মকান্ডে বিভিন্ন জায়গায় ভ্রমনকালে অন্ড়ত চারজন স্ত্রী তাঁর সঙ্গী থাকতেন। তাঁর রচিত একটি গান আছে যেখানে কবি বলেছেন নিজেকে-

যাইবাই নিরে হাসন রাজা রাজাগঞ্জ দিয়া
আর করবায় নিরে হাসন রাজা দেশে দেশে বিয়া ॥

হাসন রাজার কৈশোর থেকে যৌবকাল কেটেছে আরাম আয়েশের মধ্যে। এই সময়কালেই তাঁর জীবনে শোকের ছায়া নেমে আসে। বৈমাত্রেয় বড় ভাই ওবায়দুর রাজার মৃত্যু শোক কাটাতে না কাটাতেই চিরবিদায় নিলেন তাঁর পিতা দেওয়ান আলী রাজা। হাসন রাজার বয়স তখন মাত্র পনের বৎসর। স্বাভাবিক ভাবেই জমিদারীর সকল দায়দায়িত্ব ন্যস্ড় হলো তাঁর উপর। তৎকালীন সিলেট সদর মহকুমার অন্ড়র্গত বিশ্বনাথ থানায় চৌড়ীয়া পরগণার বিরাট রামপাশা এস্টেট ছাড়াও লক্ষণশ্রী, চামতলা, মহারাম, পাগলা, অচিন্ড়পুর, লাউড়, বেতাল ইতাদি নামে সুনামগঞ্জের নানা পরগণায় তাঁর

জমিদারী বিস্তৃত করে এক বিরাট জমিদারীর অধিকারী হলেন। চঞ্চল হাসন হয়ে উঠলেন প্রবল প্রতাপশালী জমিদার। বনের মুক্ত পাখি খাঁচায় হলো বন্দি। সংসার, বিষয় সম্পত্তি ও ভোগ বিলাসের মায়াজালে আবদ্ধ হলেন হাসনরাজা, বাহ্যত সংসারী প্রতাপশালী জমিদার হলেও তাঁর অন্তরে বেজে চলেছে মরমিয়া সুর। বিষয় সম্পত্তির ভোগবিলাসে মন ভরলো না হাসনের। তাঁর অন্তরাত্মা কেঁদে উঠল, গান ধরলেন-

"মাটির পিঞ্জিরার মাঝে বন্দি হইয়ারে
কাঁন্দে হাসন রাজার মন মনিয়ায় রে"।

একসময় হাসন রাজা তাঁর পূর্ণ আত্মসমর্পণ নিয়ে স্রষ্টার নিকট নত হয়েছেন। তিনি বলছেন এভাবে–

আমি যাইমু ও যাইমু আলার সঙ্গে
হাসন রাজা আলা বিনে কিছুই নাহি মাঙ্গে ॥

সাবিরও বলছেন এভাবে–

সবই আমার সঁপে দিলাম
তোমার চরণ-তলে
রইলো না আর কিছুই বাকি
আমার নিজের বলে ॥

তাহলে দেখা যাচ্ছে, মরমি কবি হাসন রাজা যেমন তাঁর গানে স্রষ্টার সন্ধান করেছেন তেমনি সাবিরও তাঁর গানে প্রশ্নের উত্তর খুঁজেছেন। তিনি বলছেন সবখানে কেবল স্বার্থ-জাল ছড়িয়ে রয়েছে। স্বার্থন্ধ ব্যক্তিরা স্বার্থলোভে খুন-খারাবি অন্যায় অপকর্ম করতে দ্বিধা করে না। এ বড় মর্মান্তিক, বড়ই বেদনাদায়ক অবস্থা। কবির এতে বড়ই মর্মপীড়া। কারণ তাঁর প্রাণ তো বিশ্ব মানবিকতায় পূর্ণ। তাঁর অন্তঃকরণ সকল মানুষের প্রতি সহানুভূতিশীল। তিনি বলেন-

এই পৃথিবীকে ভালোবেসে আমি
গড়েছি প্রেমের নীড়।

বিশ্বের সকল কবি, সকল সাহিত্য রসিক ঐ একই সুরে গান গেয়ে মানবতার জয়ধ্বনি করেছেন। ভাষা ছন্দ আলাদা, কিন্তু বক্তব্য সবার একই। কবি বলেন-

সকলের আমি সকলে আমার
কেউ নয় মোর পর,
নিখিল বিশ্বে ছড়িয়ে বেঁধেছি
যার খুশি যেথা ঘর ॥

"সাবির মানস অধ্যাত্মভাবে অভিভুত। ঐশী ভাবনায় তাঁর হৃদয় পূর্ণ। স্রষ্টার প্রতি তাঁর গভীর বিশ্বাস। ধর্মীয় মতবাদের প্রতিও তাঁর অপরিসীম আস্থা। ফলে শাস্ত্রীয় সৃষ্টিতত্ত্ব নিয়ে তিনি সঙ্গীত রচনা করেছেন স্বাচ্ছন্দ্যে।"

(ড. খোন্দকার রিয়াজুল হক, মরমি কবি সাবির আহমেদ চৌধুরী)

এ পৃথিবী বিশাল সৃষ্টি একটি চিত্রশালা। মহাশক্তিমান একজন চিত্রকর সেখানে স্থাপন করেছেন নানা চিত্র। প্রতিনিয়ত চলছে তাঁর রঙ-তুলির খেলা। সেই অনন্ড় শক্তিধর চিত্রকরকে সম্বোধন করে কবি বলেন-

নিত্য নতুন কতোই মডেল
রঙ-বেরঙের ছবি,
তুলির ছোঁয়ায় আঁকছো আবার
ফেলছো মুছে সবি ॥

১৯৪৮ সালে সাবির আহমেদ যখন পুনরায় চাকুরী গ্রহণ করে তদানীন্ড়ন সিলেট জেলার সুনামগঞ্জ মহকুমার উপ-সহকারী প্রকৌশলী পদে নিযুক্ত হন। সেখানে সাবির আহমেদ লাভ করেন অনেক অভিজ্ঞতা। সেখানে সাবির আহমেদের জীবনে সবচেয়ে বড় প্রাপ্তি মরমি কবি হাসন রাজার সংগীত ও দর্শনের প্রভাব। সুনামগঞ্জের আকাশ-বাতাস তখন মুখরিত অবসরে হাসন রাজার গানের উদাসী সুরে তন্ময় হতেন। মুগ্ধ মনে গানের মমার্থ উপলব্ধি করার চেষ্টা করতেন।

তৃতীয় অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

হাসন এবং সাবিরের গানের সাহিত্যমূল্য

হাসন রাজার গানে কাব্য সম্পদের চেয়ে নিরাভরণ হৃদয়ানুভুতির সহজ সরল প্রকাশ ঘটেছে। এর মধ্যে কোনো পুঁথিগত বিদ্যা নেই, কোনো কৃত্রিমতা নেই, আছে খাঁটি অনুভূতি। সহজ সরল কথায় সঙ্গে আঞ্চলিক সুরের মিলনের তাঁর গানে নিজস্ব একরূপ বা Style (গায়কী) ফুটে উঠেছে। কিছু গানে অপভাষা (Slang) ব্যবহার কয়েছেন এবং কয়েকটি গানে ছন্দ পতন ঘটেছে। কিন্তু কাব্যিক মূল্যের চেয়েও তারা গানের তত্ত্ব ও দর্শন এবং সুরের মর্মস্পর্শী আবেদন আমাদের লোকায়েত সঙ্গীতে অনন্যধারা সংযোজিত করেছে। "শ্রীহট্টের লোক-সঙ্গীতের সুর বিচার" নিবন্ধ প্রয়াত লোক শিল্পী হেমাঙ্গ বিশ্বাস হাসান রাজার গানের বিশে- ষণ করে দেখিয়েছেন যে, সিলেটের 'মুরর্শিদী' বা 'মারফতি' গানের সুরের বিশেষ ঢঙের Style সাথে উত্তরবঙ্গের চটকার সুর ও ছন্দের নৈকট্য আছে। মূলতঃ হযরত শাহজালালের পবিত্র সাহচর্যে ধন্য সিলেট ভূমি, তিনশা ষাট আউলিয়ার দেশ নামে যেমন পরিচিত তেমনি বৈষ্ণব ও সূফী সাধকদেরও সাধন ভূমি-এই সুন্দরী শ্রীভূমি। বৈষ্ণব ও সূফী ধর্মের মূল উপজীব্য প্রেম। এই প্রেমের পথেই সৃষ্টিকর্তার স্বরূপ সন্ধান করেছেন বৈষ্ণব ও সূফী সাধকগণ। সূফী ধর্মের মূল কথা হলো-প্রেমের দ্বারাই জীব পরম একের সাথে আকাত্ম হয়ে যেতে পারেন, প্রেমের এই অবস্থাকে 'ফানা' বলা হয়। এ সম্বন্ধে রবীন্দ্রনাথ বলেছেন, "Those of the Bauls, who have Islamic leanings, call such death in life 'Fana', a term used by the sufis to denote union with the supreme Being". হাসন রাজা এই প্রেমের পথে পরম একের সাথে একাত্মতা ঘোষণা করেছেন।

(শ্রীহট্ট সাহিত্য পরিষদ পত্রিকা)

বাউল কবিরা যেমন মনের মানুষ'-এর সন্ধানে ব্যাকুল, মরমি কবিও তেমনি হয়েছেন 'দেওয়ানা'-

"পিরীতে মোরে করিয়াছে দেওয়ানা
হাসন রাজা পিরীতি করিয়ে হইয়াছে ফানা"

বৃহত্তর সিলেটের লৌকিক ঐতিহ্যে দুটি ধারা প্রবাহমান। একটি বৈষ্ণব, অপরটি সূফী। "সুরের ছন্দ ও ভঙ্গিতে বৈষ্ণব ধারাটি হলো মূলতঃ বিলম্বিত মীড় আশ্রয়ী এবং তা লীলায়িত, অনুগামী বাদ্যযন্ত্র-

একতারা যুক্ত লাউয়া বা লাউ। সূফী ধারাটির সূর প্রধানতঃ গতি প্রদান, কাটাকাটা ঝটকা দেয়া, ত্রিমাত্রিক ছন্দ, অনুগামী যন্ত্র দোতারা ও খমক। বৈষ্ণব ধারার লীলায়িত চলনের মধ্যে সূফী ধারাটি নিয়ে এল এক গতির আবেগ। এই দুটি ধারারই প্রগতিশীল সামাজিক মুখ্য ভূমিকা ছিল-হিন্দু-মুসলমানের এক মিলিত ভাবধারা, এক মিলিত সংস্কৃতি গড়ে তোলার। হিন্দুর গর", মুসলমানের মুরশিদ, হিন্দুর রাধা-কৃষ্ণ, মুসলমানের আশিক-মাশুক মিলেমিশে এক হয়ে গেছে"।

ড. আবদুল ওয়াহাব, *বাংলাদেশের লোকগীতি একটি সমাজতাত্ত্বিক অধ্যয়ন* (দ্বিতীয় খন্ড)

সিলেটের লোকায়ত ধারায় সূফী মতবাদ ও শ্রীচৈতন্য দেব (১৪৮৬-১৫৩৩) যে প্রেম-ধর্মের প্রচলন করেন তাঁর মূল প্রেরণা সূফী মতবাদ- একথা ড. মুহাম্মদ এনামুল হক আলোচনা প্রসঙ্গে জানিয়েছেন এবং সূফি সাহিত্য ও বৈষ্ণব সাহিত্যের মধ্যে সাদৃশ্য সম্বন্ধে আলোকপাত করে দেখিয়েছেন, "গৌড়ীয় বৈষ্ণবদের এই 'নামে র"চি জীবে দয়া' মুসলিম সূফী সাধকদের 'জিকর' ও 'খিদমত' নীতির

নামান্ড়র। এতে ইসলামের সাম্য, উদারতা ও ভ্রাতৃত্বের ছাপও স্পষ্ট, অধিকন্তু সূফীদের 'সামা' ও বৈষ্ণবদের 'কীর্তনে'ও কোনো তফাৎ নেই। এই কীর্তনের শেষে বৈষ্ণবদের যে 'দশা' হয়, যে শারীরিক ও মানসিক অবস্থা ফুটে উঠে, সূফীদের 'হানের' অবস্থাও তাই। কীর্তন ও সামা এবং দমা হান শব্দার্থ, ভাব সম্পাদন ব্যবস্থা ও মানসিক অনূভুতির দিক হতে একই বস্তুর অভিব্যক্তি। বিশেষত গৌড়ীয় বৈষ্ণবদের 'প্রেম' সূফীদের 'ইশক' রাধাকৃষ্ণ সূফীদের 'সাকী' কিংবা 'সামা' ও 'পরওয়ানা' ঐশ্বর্য সূফীদের 'ক্বিয়ামত' ছাড়া কিছুই নয়।" তেমনি "সূফী সাহিত্যের 'আশিক' ও 'মাশুক' বৈষ্ণব পদাবলীর 'রাধা' ও 'কৃষ্ণ'। এই সাহিত্যের 'হজরান' 'বিশান' বৈষ্ণব পদাবলীর 'বিরহ' ও 'মিলন'। স্বভাবিবকভাবেই সিলেটের লোকায়ত সঙ্গীতে এই যুগল সাহিত্য ধারার প্রভাব পড়েছে। বৈষ্ণব সাহিত্য ও সূফী সাহ্যিত্যের ও সূফী সাহিত্যের সম্মিলনে সিলেটের মনোজগতকে করে তুলেছে উদার মতাবলম্বী, উদ্দীপ্ত করে তুলেছে মানবতার জীব মন্ত্রে। তাই বলা যায়, আমাদের বাউল মরমিয়া সঙ্গীতে ধ্বনিত হয়েছে মানবতারই চরম বাণী–

নানান বরণ গাভীরে মনাই একই বরণ দুধ-
আপন মনে ভেবে দেখো, আমরা একই মায়ের পুত।

হাসন রাজার গানেও শুনি তার সরল স্বাভাবিক ভাষার মানবতার সেই চিরন্ড়ন বাণীর উচ্চারণ। 'বৈষ্ণব ও সুফি ধারার' এই যুগল ধারার যোগ্য উত্তরাধিকারী হাসন রাজাও এই প্রেমের পথেই পরম একের সঙ্গে মিলনের সুত্রে তার গানে গেয়ে উঠেছেন-

বুঝিয়ে দেখি তুমি বৈ

হাসন রাজা কিছু নই

হাসন রাজা যারে কই

সেও দেখি তুমি ঐ রে ॥

তাঁর গানে 'আশিক' ও 'মাশুক', 'রাধা ও কৃষ্ণ' তত্ত্ব মিলেমিলে এক হয়ে গেছে। ধর্মের সকল বিভেদ অতিক্রম করে গেয়ে উঠেছেন মাটি ও মানুষের গান–

তুমি কে আর আমি বা কে

তাই তো আমি বুঝি না রে

এক বিনে দ্বিতীয় আমি

অন্য কিছু দেখি না রে ॥

হাসন রাজার গানে কথার সঙ্গে আঞ্চলিক সুরের মিলনে যে এক বিশিষ্টতার ছাপ লক্ষ্য করা যায় যাঁকে সাঙ্গীতিক পরিভাষায় বলা যেতে পারে 'গায়কী ঘরানা'। হাসন রাজার গানে নিজস্ব গায়কী ঘরানার মৌলিকতার ছাপ সুস্পষ্ট যে কারণে তাঁর রচিত গানগুলিকে "হাসন রাজার গান" বলে চিহ্নিত করাই সমীচীন। লালনের গান যেমন লালন গীতি বলে পরিচিতি তেমনি হাসন রাজা রচিত গানগুলিও "হাসন গীতি" বলে অভিহিত করা যেতে পারে।

দ্বিতীয় পরিচ্ছেদ

কবি-সাহিত্যিক গবেষকের মন্তব্য

হাসন রাজা ও সাবির আহমেদ এই দুই মরমি কবিকে নিয়ে অনেক কবি-সাহিত্যিক তাঁদের নিজস্ব কিছু মতামত ব্যক্ত করেছেন। বাঙলা লোকসাহিত্যে হাসন রাজা বিশিষ্ট স্থানের অধিকারী। রবীন্দ্রনাথ হাসন রাজাকে বলেছেন গ্রাম্য কবি। লোকগীতির সংগ্রাহক ও গবেষক অধ্যাপক মনসুরউদ্দিন বলেছেন, হাসন রাজা ছিলেন 'লোককবি'। "বিশিষ্ট দার্শনিক দেওয়ান মোহাম্মদ আজরফ তাঁকে বলেছেন 'মরমী কবি'।"

(দেওয়ান মোহাম্মদ আজরফ, *হাসন রাজা*)

প্রসঙ্গক্রমে বলা যায়, রবীন্দ্রনাথ হাসন রাজাকে জগৎ বিখ্যাত করেছেন। তিনি বারানসীতে অনুষ্ঠিত ভারতীয় দর্শন কংগ্রেসের সভাপতির ভাষণে প্রশংসার সহিত উদ্ধৃত করেন। পরে বিলেতে হিবার্ট লেকচারেও হাসন রাজার গান উলেখ করেন। যা এরকম–

"পূর্ববঙ্গের একটি গ্রাম্য কবির গানে দর্শনের একটি বড় তত্ত্ব পাই। সেটি এই যে, ব্যক্তিস্বরূপের সহিত সম্বন্ধ-সূত্রেই বিশ্ব সত্য। তিনি গাইলেন,

মম আঁখি হইতে পয়দা আসমান ও জমিন
শরীরে করিল পয়দা শক্ত আর নরম
আর পয়দা করিয়াছে ঠান্ডা আর গরম
নাকে পয়দা করিয়াছে খুশবয় বদবয় ॥

এই সাধক কবি দেখিতেছেন যে শাশ্বত পুরুষ তাঁহারই ভিতর হইতে বাহির হইয়া তাঁহার নয়নপথে আবির্ভুত হইলেন। বৈদিক ঋষিও এমনিভাবে বলিয়াছেন যে পুরুষ তাঁহার মধ্যে তিনিই আদিত্যমন্ডলে অধিষ্ঠিত।

রূপ দেখিলামরে নয়নে, আপনার রূপ দেখিলামরে
আমার মাঝত বাহির হইয়া দেখা দিল আমারে ॥"

(রবীন্দ্রনাথ ঠাকুর, *মাসিক প্রবাসী* (ভারতবর্ষী'য় দার্শনিক সংঘের সভাপতির অভিভাষণ-১৯২৫-২৬), মাঘ ১৩৩২ (২৫ ভাগ, ২য় খন্ড)।

মূলত হাসন রাজা হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়ের জন্য তথা সাধারণের জন্য অসংখ্য গান রচনা করেছেন । তাঁর রচনার মধ্যে কোন প্রকার সাম্প্রদায়িকতার লেশমাত্র পাওয়া যায় না। তিনি মানুষকে

ভালবাসতেন। মানুষের মধ্যে বিরাজ করেছেন। তাঁর চরিত্রের এই এক গৌরবের দিক। তাঁর কাব্যে অপূর্ব কবিত্ব শক্তির পরিচয় পাওয়া যায়। তাঁর ভাষা অত্যন্ড় সরল ও উদাস।

হাসন রাজাকে নিয়ে যাঁরা সংগ্রহ, লেখালেখী ও গবেষণা কাজে ব্যাপৃত তাঁদের মধ্যে অন্যতম কয়েকজনের নাম উলেখযোগ্য। যেমন- প্রভাত চন্দ্র শর্মা, সৈয়দ মুজতবা আলী, দেওয়ান মোঃ আজরফ, ক্ষিতিমোহন সেন, নৃপেন্দ্র লাল দাশ, সুনীল গঙ্গোপাধ্যায়, প্রভাত চন্দ্র গুপ্ত, আবুল আহসান চৌধুরী, দেওয়ান তৈমুর রাজা, দেওয়ান শামসুল আবেদীন, অমিয় শঙ্কর চৌধুরী, শামসুজ্জামান খান, দেওয়ান মহসীন রাজা প্রমুখ। আমেরিকান গবেষক এডওয়ার্ড ইয়োজিয়ান 100 Songs of Hason Raja নামে বই লেখেন ১৯৯৯ সালে ইংরেজী ভাষায়। লন্ডন প্রবাসী আমান উদ্দিন লিখেছেন, হাসন রাজার উচ্চানুভুতি, প্রেম ও বৈরাগ্য ভাবনা বই ১৯৯৮ সালে। ১৯৮৫ সালে মুক্তধারা প্রকাশ করেছে প্রভাত চন্দ্র গুপ্তের লেখা 'গানের রাজা হাসন রাজা'। হাসন রাজার ৭৫ তম মৃত্যুবার্ষিকী স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে বাংলা একাডেমী ঢাকা ১৯৯৮ সালে। প্রকাশ করে স্মারকগ্রন্থ 'প্রসঙ্গ হাসন রাজা' ড. আব্দুল আহসান চৌধুরীর সম্পাদনায়। মোঃ রফিকুল ইসলাম মিয়া তাঁর কবিতার পংক্তিমালায় হাসন রাজার প্রতি শ্রদ্ধা নিবেদান করে বই রচনা করেছেন ১৯৯৯ সালে 'হাসন রাজার দেশে' নামে। হাসন রাজার জীবনী ও গান নিয়ে বইপত্র রচনা করেছেন : সাদিয়া চৌধুরী পরাগ 'প্রেম বাজারে হাসন রাজা' এবং 'প্রেম সাগরে হাসন রাজা' বইটি লিখেছেন মোঃ রফিকুল ইসলাম মিয়া ২০০১ সালে। ২০০০ সালে দেওয়ান মোহাম্মদ তাছাওর রাজার গ্রন্থনা ও সম্পাদনায় কবির জীবন ও কর্ম নিয়ে প্রকাশিত হয়েছে 'হাসন রাজা সমগ্র'। এখনও দেশে বিদেশে বইপত্র, অডিও সিডি, ভিসিডি এবং চলচ্চিত্রে হাসন রাজার গান নিয়মিত প্রকাশিত ও প্রচারিত হয়ে চলেছে।

অনেক সাহিত্যসেবী পরলোকগমনের পর স্বীকৃতি পান। কেউ কেউ আবার জীবদ্দশায় স্বনামধন্য হয়ে ওঠেন। করি সাবির আহমেদ চৌধুরী শেষোক্ত পর্যায়ের ব্যক্তিত্ব। ইহলোকে থেকেই তিনি তাঁর সাধনার 'ফল' লাভ করেছেন। সুধীজনের দৃষ্টি নিপতিত হয়েছে তাঁর উপর। কবি, গীতিকার ও সমাজসেবী হিসেবে তাঁর খ্যাতি দেশ-বিদেশে ছড়িয়ে পড়েছে। যেমন প্রখ্যাত লোকসংগীত শিল্পী অমর পাল সাবিরের "আকাশ আমার ঘরের ছাউনি" গানটি একবার আমেরিকাতে এক অনুষ্ঠানে গাওয়ার পর তাঁর প্রতিক্রিয়ায় বলছেন এভাবে–"জীবনে গান গেয়ে বহু পুরষ্কার, সম্মান ও সংবর্ধনা

পেয়েছি কিন্তু বিদেশের মাটিতে সাবিরের এই একটি গানের জন্য এরূপ বিপুল সংবর্ধনা আমার জীবনের এক শ্রেষ্ট স্বরণীয় ঘটনা যার জন্য আমি স্রষ্টার নিকট কৃতজ্ঞতা জানাচ্ছি।"

(সাবির সানস সন্ধান, পৃ ২৩)।

মরমি সংগীত গবেষক আজরিন আক্তার বলছেন–কবি সাবির আহমেদ চৌধুরী এমন এক জগৎ সৃষ্টি করতে চেয়েছেন তাঁর লিখনীর মাধ্যমে, যাতে পুরোপুরি নির্ভেজাল শান্ড়ি ও সমৃদ্ধির ছোঁয়া মেলে। তিনি চেয়েছেন বিধাতার সান্নিধ্য লাভ করতে, তাঁর সন্ড়ুষ্টি ও নৈকট্য লাভ করে ধন্য হতে। ড.আশরাফ সিদ্দিকী মন্ড়ব্য করেছেন এভাবে-"মরমি কবি সাবির আহমেদ চৌধুরী-যাঁকে আমরা বলি এ যুগের লালন, হাসন অথবা রাধারমণ দত্ত"

(সাবির মানস সন্ধান, পৃ. ৫৭)।

অন্যদিকে ড. কর্ণাময় গোস্বামীর মতে, সাবির আহমেদ চৌধুরীর গীতিসাহিত্য যদি গভীর পর্যবেক্ষণে আনা যায়, তাহলে একথা স্বীকার্য হয়ে ওঠে যে, বর্তমান কালে এই ধারায় তিনিই সর্বাপেক্ষা বাঙালি কবি। তাঁর ভাবনার মর্মমূলে রয়েছেন ঈশ্বর যিনি নিজেকে অবিরাম প্রকাশ করেছেন সৌন্দর্যে, মাধুর্যে, প্রেমে, মিলনে। সাবির মনেপ্রাণে বিশ্বাস করেন, মানবগোষ্ঠী সব কবির দৃষ্টিতে একাকার। মানুষ একমাত্র জীব, যার নেই কোনো জাতবিচার। কবি সাবির আহমেদ সেই বাণী প্রকাশ করেছেন। সে বাণী হচ্ছে ভালোবাসার বাণী। এ ভালোবাসা অকৃত্রিম, এ প্রেম বিশ্বপ্রেম, এ সৌহার্দ্য সব মানবের প্রতি সৌহার্দ্য। একই মায়ের সন্ড়ান সব মানুষ, নেই ভেদাভেদ সেখানে জাতি ধর্মের, গোত্রবর্ণের। তাঁর ভাষায়-

উর্ধ্বে আকাশ নিম্নে ধরণী
আমার ঠিকানা জানি,
বিশ্ব-মানব সকলকে আমি
আত্মীয় বলে নামি।

চতুর্থ অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

হাসন রাজার গান সংগ্রহ প্রসঙ্গে

হাসন রাজার গানের সংখ্যা দুইশত দশটি, আরো কিছু গান ইতস্ড়তঃ ছড়িয়ে আছে যা এখনও সংগ্রহের অপেক্ষায় আছে। এই দুইশত দশটি গান থেকে নির্বাচিত কয়েকটি গানের স্বরলিপি উলেখ করা হয়েছে। জানা যায় যে- "সুনামগঞ্জের জমিদার সাধক কবি দেওয়ান হাসন রাজা চৌধুরী মহাশয় খুব সঙ্গীত প্রিয় লোক ছিলেন। তিনি শুধু গান দ্বারা 'হাসন-উদাস' নামে বৃহতৎ পুঁথি রচনা করে ছাড়িয়ে ছিলেন। এখত তা দুস্প্রাপ্য"।

(শ্রীহট্ট সাহিত্য পরিষদ পত্রিকা, কার্ত্তিক ১৩৪৫, পৃষ্ঠা ২৯)।

হাসন রাজার জীবিতকালে ১৯১৪ সালে 'হাসন উদাস' ১ম সংস্করণ প্রকাশিত হয়। তাঁর মৃত্যুর কিছুকাল পর কবির বড় পুত্র দেওয়ান গনিউর রাজা 'হাসন-উদাস' এর দ্বিতীয় সংস্করণ প্রকাশ করেন ১৯৩৩ সনের ১৭ বৈশাখ। গানের সংখ্যা ২০৬টি। দেওয়ান শমসের রাজার সম্পাদনায় 'হাসন রাজার তিন পুর"ষ" গানের বই প্রকাশিত হয় ১৫ বৈশাখ, ১৯৮৫ তে (১৯ এপ্রিল, ১৯৭৮)। বইটিতে হাসন রাজার ১৯১ টি গান সংকলিত হয়েছে। "কবি রবীন্দ্রনাথ ঠাকুর প্রভাত শর্মার মাধ্যমে হাসন রাজার ৮৩টি গানের সঙ্গে পরিচিতি হন এবং সেই সময় অর্থাৎ ১৯২৫ সালে ভারতীয় দর্শন কংগ্রেসে ভাষাণদানের সময় কবি রবীন্দ্রনাথই (১৮৬১-১৯৪১) সেই বিখ্যাত বক্তৃতায় হাসন রজার দুটি গানের ভাবদর্শন আলোচনা করেন পরবর্তীকালে ১৯৩১ সালে লন্ডনে হিবার্ট বক্তৃতায় হাসন রাজার দুটি গানের ভাবদর্শন আলোচনা করেন। স্বাভাবিকভাবেই স্বদেশ এবং বিদেশে হাসন রাজার গান সম্পর্কে সুধী সমাজে আগ্রহ ও কৌতুহল জেগে ওঠে।"

(দেওয়ান শমসের রাজা সম্পাদিত,*হাছন রাজার তিন পুর"ষ)*

হাসন রাজার গান গেয়ে যিনি সর্বস্ড়রের মানুষের কাছে এবং দেশে-বিদেশে বিমুগ্ধ এবং তার গান জনপ্রিয় করে তুলেছেন তিনি প্রয়াত লোকশিল্পী নির্মলেন্দু চৌধুরী। নির্মলেন্দু চৌধুরী তাঁর কণ্ঠমাধুর্যে হাসন রাজার গান যেমন মোহিত করেছেন বাংলা ভাষী মানুষের কাছে তেমনি ইউরোপ, আমেরিকায় গান গেয়ে বিমুগ্ধ করেছেন ভিন্নভাষী মানুষদের। গণসঙ্গীত শিল্পী হেমাঙ্গ বিশ্বাসও হাসন রজার গান গেয়ে বিমুগ্ধ করেছেন ভিন্নভাষী মানুষদের। এছাড়াও তিনি হাসন রাজার গান নিয়ে লেখালেখি করেছেন এবং তার গানের সুর বৈচিত্র্য বিশেষণ করেছেন। পরবর্তীকালে গণমাধ্যমেও হাসন রাজার

গান প্রচারিত হতে থাকে। বিশেষ করে বাংলাদেশ বেতার সিলেট কেন্দ্র থেকে নিয়মিত হাসন রাজার গান পরিবেশিত হতে থাকে। এ থেকেই পরিষ্কার হয় যে হাসন রাজার গান সংগ্রহ করা বর্তমানে অতি গুরত্বপূর্ণ বিষয়।

দ্বিতীয় পরিচ্ছেদ

সাবিরের সঙ্গে সাক্ষাৎকার

মরমি কবি সাবির আহমেদ চৌধুরী বাংলা ভাষা ও সাহিত্যের এক কিংবদন্ড়ীতুল্য মানুষ। অর্ধ শতাব্দীর অধিককাল তিনি সাহিত্য সাধনায় রত আছেন। একজন পোড় খাওয়া মানুষ যিনি শিশুকাল থেকে অত্যন্ড় শ্রম ও নিষ্ঠার সঙ্গে জীবনকে এবং সময়ের কালস্রোতকে মোকাবেলা করেছেন, বহুবার তিনি দারিদ্রের সম্মুখিন হয়েছেন। জন্মের পূর্বে পিতাকে হারিয়েছেন। মায়ের আঁচলতলে ঠাঁই নিয়ে গ্রহণ করেছেন পৃথিবীর পাঠ। একজন সচেতন ও সুবিবেচক মানুষ হিসেবে পৃথিবীর বড় সব দার্শনিকদের জীবন ও কর্ম অনায়াসে পাঠ করেছেন। প্রকৌশলী, ব্যবসা পেশার পাশাপাশি সাবির আহমেদ কখনও সাহিত্য সাধনাকে অবহেলা করেননি। তাঁর গানে সৃষ্টি ও স্রষ্টার প্রেমের নির্বান তত্ত্ব উদ্‌ঘাটিত হয়েছে। খ্যাতিমান এই গীতিকারের জীবিত অবস্থায় তাঁর সাহিত্য কর্ম নিয়ে ইতোমধ্যে ভারতের রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে ডঃ খন্দকার রিয়াজুল হক গবেষণা করে ডি-লিট অর্জন করেছেন। স্রষ্টা প্রেমের এবং বিশ্ব মানবতার এই শিকড় সন্ধানী মানুষ সাবির আহমেদ আমাদের কালের একজন পথিকৃৎ। নিম্নে তাঁরই একটি সাক্ষাতকার তুলে ধরা হলো–

প্রশ্ন ঃ কৈশোর জীবন থেকেই কবিতা লিখছেন- পরবর্তী জীবনে সাহিত্য সাধনায় নিমগ্ন তথা গীতিকার হিসেবেই গণমাধ্যম ও অন্যান্য দিকে বিশেষভাবে পরিচিত। আপনার গানের সংখ্যা দুই সহস্রাধিক। তাহলে কি সাহিত্য অঙ্গনে গীত রচনার দিকটাকেই গুর"ত্ব দেন?

সাবির আহমেদ ঃ আপনার প্রশ্নটা মূল্যবান। ছাত্রজীবন থেকে আমি কবিতা লিখতাম। উলেখ্য যে, আমরা যখন ছোট সেই তিরিশের দশকে গ্রামে এখনকার মতো রেডিও-টেলিভিশন ছিলনা। তখন কলের গান বাজতো। বিশেষ করে বর্তমান সমাজে যে চা খাওয়া তারও প্রচলন তখন ছিলনা। চা কোম্পানির এজেন্টরা গ্রামে গ্রামে কলের গান বাজিয়ে বিনামূল্যে চা বিতরণ করতো এবং কিভাবে চা তৈরি করতে হবে সে প্রক্রিয়া শেখাতো। তাদের মাধ্যমে বিভিন্ন শিল্পীর কণ্ঠে গান শুনতাম। গ্রামের বৃদ্ধ, যুবক সবাই ভিড় করতো সে গান শুনবার জন্যে। আঙুর বালা, কানন দেবী, আব্বাস উদ্দীন, ধনঞ্জয় ভট্টাচার্য, কে মলিখ এঁদের গান শুনতাম। তখন থেকে গানের প্রতি একটি মোহ আমার কাজ করতো। আমি তখনও ধারণা করিনি যে গান লিখব বা গানের চর্চা করবো।

আমার জন্মের ছ'মাস পূর্বে আমি আমার পিতাকে হারাই। আমার বাবা হানিফ মোহাম্মদ নিজে একজন চারণ কবি ছিলেন যে কথা বড় ভাইয়ের কাছ থেকে শুনেছি। বড়ভাই মফিজউদ্দীন আহমেদ ছিরেন একজন স্বভাব কবি। তিনি কবি জসীম উদ্দীনের পলী ঢঙে 'ব্যথার প্রদীপ' নামে একটি কাব্যগ্রন্থের পান্ডুলিপি তৈরি করছিলেন। বড়ভাই যখন লিখতেন তখন আমি এবং আমার মেঝো ভাই রমিজউদ্দিন দু'জনে একই স্কুলে যেতাম। একদিকে পড়াতেন এবং লিখতেন। পড়ার ফাঁকে ফাঁকে অন্য দু'ভাই মিলে লেখা শুনতাম এবং পড়তাম। কখনো দেখতাম কবিতা লিখতে গিয়ে বড়ভাই মফিজউদ্দীন ভীষণ উদ্বিগ্ন, কিছুতেই সুবিধামত লাইন মেলাতে পারছেন না তখন আমি বলতাম এভাবে লিখলে কেমন হয়। আমাকে ধমক দিতেন ঠিকই কিন্তু আমার লাইনগুলি তিনি গ্রহণ করতেন। ঐসময় পলী গ্রাম থেকে 'সবুজ পলী' নামে একটি সাহিত্য পত্রিকা প্রকাশিত হতো। তখনকার দিনে যে সব সাহিত্য পত্রিকা প্রকাশ পেতো তার প্রায় সবই আমাদের বাড়িতে আসতো। সেসব লেখা পড়ার সৌভাগ্য আমার হয়েছিল। তাতে আমার কবিতা লেখার আগ্রহ জন্মে। সবুজ পলী'র সাথে 'বাংলা প্রবাদ পরিচিতি' গ্রন্থের লেখক মোহাম্মদ হানিফ পাঠান জড়িত ছিলেন। তিনি দক্ষিণদুর" মাধ্যমিক ইংরেজি স্কুলের শিক্ষক ছিলেন। আর ঐ স্কুলের ছাত্র ছিলাম আমি। আমি যখন চতুর্থ কি পঞ্চম শ্রেণীর ছাত্র তখন কৌতুহল বশতঃ সাফল্য নামে একটি কবিতা লিখে হানিফ পাঠানকে দেখাই। তিনি আমাকে ভীষণ উৎসাহ দেন। তারপর থেকে স্কুলে দেয়াল পত্রিকা এবং অন্যান্য পত্রিকাগুলোতে নিয়মিত লিখতে শুর" করি। কবিতা লিখতে আমার বড়ভাই ছিলেন প্রথম উৎসাহদাতা।

আমি চলিশ দশক পর্যন্ড় শুধু কবিতাই লিখেছি। গান লেখার শুর" পঞ্চাশ দশকের প্রথম থেকে। কিন্তু গানের প্রতি আমার ভালবাসা এবং প্রেম ছিল অন্যরকম। তবে গানের সঠিক আঙ্গিক কিভাবে রচনা করতে হয় তা তখনও আমি জানতাম না। কারো কারো সহিত্যের সকল শাখায় স্বাচ্ছন্দ্য পদচারণা। কেউবা আবার নাটক, প্রবন্ধ, গল্প লিখতে স্বাচ্ছন্দ্যবোধ করেন যেহেতু সাহিত্যের নানা শাখা রয়েছে তাই আমি কবিতা এবং গানকে সাধনার মাধ্যম হিসেবে বেছে নেই। বিশ্বজনীন একটি মাধ্যম গান; যা দিয়ে আমার ভাবনা মানুষের কাছে সহজে পৌঁছে দিতে পারি। তাছাড়া গান শুধু মানুষকে আনন্দ দেয় না। হৃদয়ের কথা বলে। প্রেম, ভালবাসা, সমাজের নানা সমস্যা ও তা সমাধানের ইঙ্গিত বহন করে। সত্য ও সুন্দরের পথ দেখায়। আমি মনে করি ঈশ্বর আরাধনার সর্বশ্রেষ্ঠ মাধ্যম হল গান। উলেখ্য যে, নবী হযরত দাউদ (আঃ) তাঁর সুমিষ্ট কণ্ঠে গান গেয়ে মানুষকে সত্য ও সুন্দরের পথে আবহান করতেন। গানে পাষাণ হৃদয় বিগলিত হয়। আজও খাজা মঈনুদ্দিন

চিশতী (রহঃ)-এর দরগা শরীফে গজল সংগীত গীত হচ্ছে। অন্যদিকে সংগীত ও বাদ্যযন্ত্র ছাড়া সনাতন ধর্মাবলম্বীদের পূজা অর্চনা চলে না। যেহেতু গানের মাধ্যমে পশুপাখি বশ মানে। আমার প্রতিটি গান বাণী সমৃদ্ধ। স্রষ্টার প্রতি নিবেদিত মানব কল্যাণে সকলের কাছে পৌঁছানোর জন্য সাহিত্যের অন্য ধারায় না গিয়ে গানকে বেছে নিয়েছি। এখানে আমার কোন কৃতিত্ব নেই। নিয়তি আমাকে এ পথে টেনে এনেছে। আমি যে বাঁশি আর সেই বাঁশরিয়ার সুরে আমার এই কথা সেই সুর।

